www.facebook.com/purbottar
www.purbottar.in
Bengali Fortnightly Newspaper
RNI No. 71057/96

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ১৭, কোচবিহার, শুক্রবার, ২৭ আগষ্ট - ৯ সেপ্টেম্বর ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 17, Cooch Behar, Friday, 27 Aug - 9 September 2021, Page: 8 ₹ 3.00

# শবের শহর কাবুল

## কাবুলে বিস্ফোরণে নিহত ৫০

**কাবুলঃ** ২৬ আগস্ট, বৃহস্পতিবার রাতে ধারাবাহিক ভাবে কাবুল বিমানবন্দরে পূর্ব দিকের গেটে পরপর ৩ বিস্ফোরণ ঘটে। মূল বিমানবন্দর চত্বরে জোরালো বিস্ফোরণ হয়। এই বিস্ফোরণে এখনও পর্যন্ত মোট মৃতের সংখ্যা ৫০, তবে এই সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। মৃতদের মধ্যে ১৩ মার্কিন সেনাও রয়েছেন। আহত হয়েছেন প্রায় ১৫০ জন। হামলার দায় স্বীকার করে আইসিস জানিয়েছে, যেসমস্ত দোভাষী এবং অন্যান্য ব্যক্তিরা মার্কিন বাহিনীকে সাহায্য করছেন, হামলার লক্ষ্য ছিল তাঁরাই।





বিস্ফোরণের ফলে এখনও পর্যন্ত কোনও শিখ কিংবা হিন্দুর মৃত্যু হয়নি বলেই খবর। বিস্ফোরণের কয়েক ঘণ্টা আগেই তালিবান তাণ্ডবের হাত থেকে বাঁচতে কাবুল ছেড়ে অন্যত্র যাওয়ার অপেক্ষায় বিমানবন্দরে সামনে বসে ছিলেন ১৫ জন হিন্দু সহ ১৪৫ জন শিখ সম্প্রদায়ের মানুষ। নিজেদের প্রাণ রক্ষা করতে ১৬০ জন হিন্দু ও শিখ সামনেই একটি গুরুদ্বারে আশ্রয় নিয়েছিল। বিস্ফোরণের পর থেকে সিল করে দেওয়া হয়েছে কাবুল বিমানবন্দর।

এই ঘটনার পরই গর্জে উঠেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। আইসিসকে চরম হুঁশিয়ারি দিয়ে মার্কিন প্রেসিডেন্ট বললেন, "যারা এই হামলার সঙ্গে যুক্ত, কিংবা যারা আমেরিকার অনিষ্ট চাইছে, কাউকে রেয়াত করা হবে না। খুঁজে খুঁজে মারব তাদের। এর মূল্য চোকাতেই হবে।"

নিজের দেশের নাগরিকদের কাবুল বিমানবন্দরের কাছাকাছি না থাকার পরামর্শ দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন সেনাকে আফগানিস্তান ছাড়ার জন্য ৩১ অগাস্ট অবধি ডেডলাইন দিয়েছিল তালিবান। কিন্তু তার পাঁচদিন আগেই কাবুল বিমানবন্দরের বাইরের এই ভয়ংকর বিস্ফোরণ প্রশ্নের মুখে ফেলেছে তালিবানি নেতৃত্বদেরকে।

## প্রয়াত বাচিকশিল্পী গৌরী ঘোষ



বেশ কিছুদিন ধরেই বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন বাচিক শিল্পী গৌরী ঘোষ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। বাইপাসের ধারে এক বেসরকারি হাসপাতালে গত সাতদিন ধরে ভেন্টিলেশন সাপোর্টে ছিলেন তিনি। ২৬ আগস্ট সকাল ৮.৫৫ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এই বাচিকশিল্পী।

## উত্তরবঙ্গে চালু হচ্ছে ভিস্তাডোম ট্রেন পরিষেবা

**শিলিগুড়িঃ** ২৮ আগস্ট শনিবার থেকে শুরু হচ্ছে নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে আলিপুরদুয়ার জংশন পর্যন্ত বহু প্রতীক্ষিত ভিস্তাডোম ট্রেন পরিষেবা। উত্তরবঙ্গের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে পৃথিবীর বিভিন্ন প্রান্তের মানুষ ঘুরতে আসেন। একদিকে পাহাড় অন্যদিকে সবুজ বনাঞ্চল, সঙ্গে পাহাড়ি ঝরনা পর্যটকদের আকর্ষণ করে। সেদিকে লক্ষ্য রেখেই উত্তর পূর্ব সীমান্ত রেল এবার পর্যটক টানতে সাত কোচের এই বিশেষ ভিস্তাডোম ট্রেনটি চালু করেছে।

উত্তরবঙ্গে জঙ্গলের বিশেষ আরণ্যের বাইসন, হাতি, হরিণ দেখার জন্য বহু পর্যটকই জানালার ধারে চোখ মেলে বসে থাকেন তবে ট্রেনের সাধারণ কোচগুলিতে, প্রকৃতির অপরূপ সৌন্দর্যকে উপলব্ধি করতে পর্যটকদের অসুবিধা হয়। তাই ১৮০ ডিগ্রি রিভলভিং চেয়ারে বসে কাচের



জানলা দিয়ে ডুয়ার্সের প্রাকৃতিক দৃশ্য দেখার অভিনব ব্যবস্থা রয়েছে ভিস্তাডোম ট্রেনটির বিশেষ কোচগুলিতে। রেল সূত্রে জানা গেছে, ট্রেনটি সপ্তাহে তিনদিন নিউ জলপাইগুড়ি থেকে আলিপুরদুয়ার পর্যন্ত্ চলবে। সকাল ৭:২০ নাগাদ নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে ছেড়ে দুপুর ১ টায় ডুয়ার্সের আলিপুরদুয়ার জংশন স্টেশনে পৌঁছবে এবং ফেরার পথে দুপুর ২টায় আলিপুরদুয়ার জংশন থেকে ছেড়ে নিউ চালসা, হাসিমারা, মাদারিহাট, রাজাভাতখাওয়া স্টেশন হয়ে সন্ধ্যা ৭টায় নিউ জলপাইগুড়ি স্টেশনে ফিরে আসবে।

## ওনামের জেরে কেরলে বাড়ছে করোনা সংক্রমণ

**কোচি:** ২১ জুলাই কেরল জুড়ে পালিত হয়েছে ওনাম উৎসব। আর তারপরেই লাফিয়ে লাফিয়ে করোনা সংক্রমণ বাড়ছে ওই রাজ্যে। কেরলের সংক্রমণের হার বাড়া নিয়ে দুশ্চিন্তায় আছে স্বাস্থ্য বিশেষজ্ঞরা। অনেকেই ধারণা করেছে, ওনামের পরেই কেরলে করোণার তৃতীয় ঢেউ শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের ২৫ অগস্টের করোণা বুলেটিনে জানা যায়, প্রায় ৪০ হাজার আক্টিভ কেস রয়েছে দেশে যা আগের দিনের তুলনায় ১০ হাজার বেশি। এর মধ্যে শুধু কেরলের আক্রান্ত আছে ৩১ হাজার। ওনামের পরে হটাত করে কেরলে করোণা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়াতে চিন্তিত কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। কেরলের উদাহরন দিয়ে বাকি রাজ্যগুলিকে সতর্ক করছে তারা। ওনামে সামাজিক দূরত্ব-সহ কোভিড বিধি না মানায় যেভাবে সংক্রমণ বাড়ছে তার উদহরণ দিয়ে আগামী দিনে বিভিন্ন রাজ্যে নানা উৎসবে যাতে কঠোরভাবে কোভিডবিধি মেনে চলা হয় সেই নির্দেশও দেওয়া হয়েছে।

## রাজনগর দর্পণ

### জানেন কি কুচবিহার রাজবাড়িকে আর কি নামে ডাকা হয়?

মহারাজা নৃপেন্দ্র নারায়ণ-এর উদ্যোগে ১৮৮৭ সালে লন্ডনের বাকিংহাম প্রাসাদে আদলে কুচবিহার রাজবাড়ী তৈরি করা হয়। রাজবাড়ীর মূল প্রবেশপথ রোমের সেন্ট পিটার্স চার্চের মত দেখতে। রাজবাড়ির ঘরগুলি ভিতরের নানারকম চিত্রকার্যে পরিপূর্ণ। এই রাজবাড়ির অপরূপ সৌন্দর্য কুচবিহার রাজ পরিবারের মননশীলতার পরিচয় বহন করে।

সমগ্র রাজবাড়ী ৫১০০০ বর্গফুট এলাকা জুড়ে রয়েছে। এটির দৈর্ঘ্য ৩৯০ ফুট, প্রস্থ ২৯৬ ফুট ও উচ্চতা ১২৫ ফুট। রাজবাড়ীতে প্রায় পঞ্চাশটি ঘর আছে। এরমধ্যে শোবার ঘর, বিলিয়ার্ড রুম, ডাইনিং রুম, ডান্সিং রুম, তোশখানা উল্লেখযোগ্য।

এই কুচবিহার রাজবাড়ী **"ভিক্টর জুবিলী প্রাসাদ"** নামেও পরিচিত।



## অভিজ্ঞতার নিরিখে রাজ্যে 'প্র্যাকটিশনার নার্স' পদে উন্নতি

**কলকাতা:** চিকিৎসা পরিকাঠামো উন্নয়নে নতুন সিদ্ধান্তের কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যে পর্যাপ্ত চিকিৎসকের অভাব রাতারাতি মেটনো সম্ভব নয়। ২৬ আগস্ট এসএসকেএম হাসপাতালে বৈঠকের পর চিকিৎসা পরিষেবা নিয়ে একাধিক ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী। রাজ্যে ডাক্তারদের অভাব মেটাতে নার্সদের দায়িত্ব এবং সম্মান বৃদ্ধির সিদ্ধান্তের পাশাপাশি গ্রামীণ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির চিকিৎসা পরিকাঠামোতেও বড় বদলের ঘোষণা করেন তিনি। এসএসকেএম হাসপাতালে পরিবহণমন্ত্রী তথা কলকাতা পুরসভার পুরপ্রশাসক ফিরহাদ হাকিম, স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগমের সঙ্গে প্রায় আধ-ঘণ্টা বৈঠকের পর একাধিক ঘোষণা করেন মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী বলেন, "রাজ্যের বহু নার্স অনেক দায়িত্ব নিয়ে কাজ করছেন। তাঁদের জীবনটাকেই হাসপাতালের সঙ্গে জুড়ে ফেলেছেন। তাঁদের সম্মান, দায়িত্ব বৃদ্ধি করতে, উৎসাহিত করাতে নার্সদের ক্ষমতায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বহু নার্স ভাল কাজ করছেন। তাঁদের প্র্যাকটিশনার নার্স পদে পদোন্নতি করা যেতে পারে।" 'প্র্যাকটিশনার ডক্টর' পদটির ন্যায় রাজ্যে নার্সদের কাজের স্বীকৃতি দিতে দক্ষ অভিজ্ঞতার নিরিখে 'প্র্যাকটিশনার সিস্টার' পদে পদোন্নতি করা হবে। আগে যেখানে নার্সরা ডাক্তারদের অনুমোদন ছাড়া তারা কোনও সিদ্ধান্তই নিতে পারতেন না এই প্র্যাকটিশনার সিস্টাররা চিকিৎসার ক্ষেত্রে কিছু কিছু সিদ্ধান্ত নিজেরাই নিতে পারবেন। সঙ্গে রাজ্যে পুরুষ নার্সের সংখ্যাও বাড়ানো হবে। রাজ্যজুরে নার্সরা মুখ্যমন্ত্রীর এই সম্মানকে স্বাগত জানিয়েছেন। কোন আইনগত বাধা না থাকলে এই দায়িত্বভার নিতে তাদের কোনও অসুবিধে নেই।

# নিসানের '২০২৩ নিসান জেড'



**গুয়াহাটি, অগাস্ট ২০২১:** সম্পূর্ণ নতুন '২০২৩ নিসান জেড' নতুন যুগের উপযোগী স্পোর্টস কার। সেভেন্থ-জেনারেশন ২০২৩ নিসান জেড দেশের নিসান ডিলারদের মাধ্যমে বিক্রয় আরম্ভ হবে ২০২২ সালের বসন্তে।

পাওয়ার আউটপুটের ক্ষেত্রে নতুন ২০২৩ জেড-এর ৩.০লিটার ভি৬ টুইন টার্বো ইঞ্জিন উল্লেখযোগ্য। স্ট্যান্ডার্ড ৬-স্পীড ম্যানুয়াল ট্রান্সমিশনে হিউম্যান-মেশিন সম্পর্ক গুরুত্ব পেয়েছে নতুন জেড-এ। আরও উন্নত ৯-স্পীড অটোমেটিক ট্রান্সমিশনও পাওয়া যাচ্ছে। স্ট্যান্ডার্ড ও স্পোর্টসের অটোমেটিক ট্রান্সমিশন মডেলগুলিতে টু-ড্রাইভ মোড উপলব্ধ। সকল জেড পারফর্ম্যান্স গ্রেড মডেলে (অটোমেটিক ও ম্যানুয়াল) মেকানিকাল ক্লাচ-টিপ লিমিটেড-স্লিপ ডিফারেন্সিয়াল ব্যবহৃত হয়েছে।

নতুন ২০২৩ জেড তিনটি মোনোটোন এক্সটেরিয়র কলারে পাওয়া যাবে ব্ল্যাক ডায়মন্ড মেটালিক, গান মেটালিক ও রোজউড মেটালিক। টু-টোন এক্সটেরিয়র-সহ সুপার ব্ল্যাকের সঙ্গে ছয়টি কলারের সম্মিলিত ছাদ পাওয়া যাবে ব্রিলিয়ান্ট সিলভার, বৌল্ডার গ্রে, সিরিয়ান ব্লু, ইকাজুচি ইয়েলো, প্যাশন রেড ট্রিকোট ও এভারেস্ট হোয়াইট পার্ল ট্রিকোট। এর কেবিনে মডার্ন টেকনোলজি ও ভিন্টেজ জেড-এর মিলন ঘটেছে। ইন্টেরিয়র পাওয়া যাবে তিনটি কলারে ব্ল্যাক, রেড ও ব্লু। স্পেশাল জেড প্রোটো স্পেক এডিশনের কেবিনে ইয়েলোর প্রাধান্য দেখা যাবে।

## আইএমআই-কলকাতার সার্টিফিকেট প্রোগ্রাম

**শিলিগুড়ি:** আরপি-সঞ্জীব গোয়েঙ্কা গ্রুপের প্রতিষ্ঠিত ইন্টারন্যাশনাল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট-কলকাতা লঞ্চ করল 'পোস্ট গ্র্যাজুয়েট সার্টিফিকেট ইন ফ্যামিলি বিজনেস ম্যানেজমেন্ট' (পিজিসিএফবিএম) প্রোগ্রাম। এর উদ্দেশ্য নবপ্রজন্মের শিল্পোদ্যোগীরা যেন তাদের ফ্যামিলি বিজনেসকে আরও এগিয়ে নিয়ে যেতে পারেন।

পিজিসিএফবিএম প্রোগ্রাম আরম্ভ হবে নভেম্বর থেকে এবং এটি ছয়টি মডিউলের ১১ মাসের কোর্স। প্রতি মডিউল চলবে এক সপ্তাহ ধরে, যার মধ্যে ৬ সপ্তাহের বিরতি থাকবে। ওই সময়ে অংশগ্রহণকারীরা তাদের অর্জিত জ্ঞান নিজেদের বিজনেসে প্রয়োগ করতে পারবেন। প্রোগ্রামে অংশগ্রহণকারীদের পরিচালনা করবেন আরপি-সঞ্জীব গোয়েঙ্কা গ্রুপের সিনিয়র বিজনেস লিডারগণ। আইএমআই-কলকাতা এই সার্টিফিকেট প্রোগ্রাম আনার মাধ্যমে ফ্যামিলি বিজনেসের ঐতিহ্যকে বাঁচিয়ে রাখতে ও পেশাদারিত্বের সঙ্গে তার উন্নতি করতে বর্তমান প্রজন্মকে প্রশিক্ষণ দিতে উদ্যোগ নিয়েছে।

## এমজি মোটর ইন্ডিয়ার অ্যাস্টর এসইউভি

**কলকাতা:** এমজি মোটর ইন্ডিয়া নিয়ে এলো ইন্ডাস্ট্রি-ফার্স্ট এআই অ্যাসিস্ট্যান্ট এবং ফার্স্ট-ইন-সেগমেন্ট অটোনমাস লেভেল-২ টেকনোলজি। এগুলি থাকবে তাদের আসন্ন মিড-সাইজ এসইউভি 'অ্যাস্টর'-এ। কোম্পানির গ্লোবাল পোর্টফোলিয়োতে অ্যাস্টর হল প্রথম গাড়ি যাতে পার্সোনাল এআই অ্যাসিস্ট্যান্ট আনা হচ্ছে।

পার্সোনাল এআই অ্যাসিস্ট্যান্ট তৈরি করেছে প্রখ্যাত আমেরিকান সংস্থা 'স্টার ডিজাইন'। এটি গাড়ীতে থাকা আরোহীদের সঙ্গে সংযোগ রক্ষা করবে ও পরিচালিত হবে আই-স্মার্ট হাব দ্বারা। গ্রাহকরা তাদের নিজেদের 'সেট অফ সার্ভিসেস' এর দ্বারা পার্সোনালাইজ করতে সক্ষম হবেন। অটোনমাস লেভেল-২ এমজি অ্যাস্টর চালিত হবে মিড-রেঞ্জ রাডার ও মাল্টি-পারপাস ক্যামেরা দ্বারা, যা অ্যাডভান্সড ড্রাইভার-অ্যাসিস্ট্যান্স সিস্টেম বুঝতে সক্ষম। এই ফাংশনসমূহ উল্লেখযোগ্যভাবে ড্রাইভিং সেফটি ও কমফর্ট ব্যবস্থার উন্নতিসাধন করবে।

## লুম সোলারের 'শার্ক' সিরিজ সোলার প্যানেল

**কলকাতা:** সোলার টেক স্টার্ট-আপ ও মোনো প্যানেল ক্যাটাগরির অগ্রণী সংস্থা লুম সোলার লঞ্চ করল ভারতের সবথেকে সাশ্রয়ী সোলার প্যানেল শার্ক সিরিজ। লুম সোলারের সুপার হাই-এফিসিয়েন্সি বিশিষ্ট সিঙ্গল প্যানেলের শার্ক সিরিজের ক্যাপাসিটি ৪৪০ ওয়াট থেকে ৫৩০ ওয়াট পর্যন্ত। ভারতের সোলার ইন্ডাস্ট্রিতে এই ক্যাপাসিটি নজির সৃষ্টিকারী।

লুম সোলারের শার্ক সিরিজে রয়েছে পিওর মোনো পিইআরসি সোলার টেকনোলজি, যা ১৪টি সোলার সেল, ৯টি বাস বার সম্পন্ন। ফলে এটি হয়ে উঠেছে বিশ্বের অন্যতম সর্বাধিক অ্যাডভান্সড টেকনোলজিক্যাল প্রোডাক্ট। শার্ক সিরিজে রয়েছে দুইটি ভেরিয়েন্ট শার্ক ৪৪০ ওয়াট মোনো পিইআরসি এবং শার্ক বাই-ফেসিয়াল ৪৪০-৫৩০ ওয়াট। চলতি টেকনোলজির তুলনায় শার্ক সিরিজের কর্মক্ষমতা ২০-৩০% বেশি। শার্ক বাই-ফেসিয়াল প্যানেল পাওয়ার জেনারেশনের জন্য উভয় পৃষ্ঠই ব্যবহার করে বলে কার্যকারিতা বৃদ্ধি পায়। লুম সোলারের শার্ক বাই-ফেসিয়াল বাড়ি বা অ্যাপার্টমেন্টের রুফটপ স্পেসের ৩৩% সাশ্রয়ে সাহায্য করে বলে অপেক্ষাকৃত অল্প জায়গা ব্যবহার হয়।

## ছোটোদের মধ্যে মাইয়োপিয়া বাড়ছে

**কলকাতা:** স্ক্রিন-টাইম বাড়ায় স্কুলের বাচ্চাদের মধ্যে মাইয়োপিয়া ও 'স্কুইন্ট আই' সমস্যা আশঙ্কাজনকভাবে বেড়ে চলেছে ২০২০ থেকে। একথা জানিয়েছে ডাঃ আগরওয়ালস আই হসপিটাল।

ডাঃ আগরওয়ালস আই হসপিটালের (ওয়েস্ট বেঙ্গল) কনসাল্টেন্ট অপথালমোলজিস্ট ডাঃ সমর সেনগুপ্ত জানান, অতিমারির বছরে ৫ থেকে ১৫ বছরের ছোটোদের মধ্যে বার্ষিক মাইয়োপিয়া বৃদ্ধির হার ১০০ শতাংশ এবং 'স্কুইন্ট আই' সমস্যা পাঁচ গুণ বেড়েছে। ২০২০ সালে লকডাউন জারি হওয়ার পর থেকে ছোটোদের মধ্যে মাইয়োপিয়ার বৃদ্ধি প্রায় দ্বিগুণ হয়েছে। 'চিলড্রেন্স আই হেলথ অ্যান্ড সেফটি অ্যাওয়ারনেস মান্থ' উপলক্ষে ডাঃ আগরওয়ালস আই হসপিটালের পক্ষে প্রকাশিত এক প্রেস বিজ্ঞপ্তিতে ডাঃ সেনগুপ্ত জানান, সাম্প্রতিক অতিমারিকালে শিশুদের মধ্যে অস্বাভাবিক সংখ্যায় 'অ্যাকিউট অনসেট কমিট্যান্ট এসোট্রোপিয়া' বেড়েছে। মাইয়োপিয়া বৃদ্ধির হারও উদ্বেগজনক। শিশুদের মধ্যে প্রায় ১০০ শতাংশ বৃদ্ধি হতে দেখা গেছে।

ডাঃ সেনগুপ্ত বলেন, লকডাউনের সময়ে পড়াশোনা বা অন্য কাজের জন্য বিরতিহীনভাবে কম্পিউটার, ল্যাপটপ, মোবাইল ফোন ও ট্যাবলেট ব্যবহার বেড়েছে, সেইজন্য এই সমস্যাও বেড়েছে। মাইয়োপিয়া বৃদ্ধি রোধের জন্য চিকিৎসা হিসেবে 'লো ডোজ অ্যাট্রোপিন আই ড্রপ', 'প্রোগ্রেসিভ অ্যাডিশন লেন্স', মাল্টিফোকাল চশমা ও স্পেশাল কনট্যাক্ট লেন্স ব্যবহারের মতো বিভিন্ন উপায়ের কথা উল্লেখ করেন তিনি।

## আকাশের উদ্যোগে বৃহত্তম 'নীট মক টেস্ট'

**কলকাতা:** আকাশ এডুকেশনাল সার্ভিসেস লিমিটেড বাইজু'স-এর সঙ্গে একযোগে ভারতের বৃহত্তম অল-ইন্ডিয়া নীট মক টেস্ট ২০২১ আয়োজন করেছে। এই অনলাইন টেস্ট হবে ২২ ও ২৯ অগাস্ট এবং ৫ সেপ্টেম্বর। এই টেস্টের জন্য শিক্ষার্থীদের কোনও ব্যয় বহন করতে হবে না।

রিভাইজড নীট প্যাটার্নের সঙ্গে সঙ্গতি রেখে এই অনলাইন মক টেস্টের ব্যবস্থা করা হয়েছে। প্রতিটি পেপার হবে ৩ ঘন্টার। টেস্ট পেপারগুলি আকাশের বিশেষজ্ঞদের দ্বারা পরিকল্পিত। শিক্ষার্থীদের অল-ইন্ডিয়া র‍্যাংক দেওয়া হবে তাদের পারফর্ম্যান্সের ভিত্তিতে। যারা এই মক টেস্টে অংশ নিতে আগ্রহী তাদের এই লিংকে ক্লিক করতে হবে: https://aakashdigital.com/mock/neet-test।

আকাশ এডুকেশনাল সার্ভিসেস লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর আকাশ চৌধুরি জানান, 'স্টুডেন্টস ফার্স্ট' দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁরা ভারতের বৃহত্তম অনলাইন অল-ইন্ডিয়া নীট মক টেস্ট ২০২১ সংগঠিত করছেন। ছাত্রছাত্রীদের স্বপ্নপূরণের লক্ষ্যে উৎসাহ জোগানোর জন্য এই মক টেস্টের রেজিস্ট্রেশন করা হবে বিনামূল্যে।

## এমজিএম ও বালাজি হেল্থকেয়ারের যৌথ উদ্যোগে শিলিগুড়িতে আউটরিচ ক্লিনিক

**কলকাতা:** এমজিএম ও বালাজি হেলথকেয়ার যৌথ উদ্যোগে শিলিগুড়িতে চালু হল মাল্টি-স্পেশালিটি আউটরিচ ক্লিনিক। উল্লেখ্য এটি তাদের প্রথম আউটরিচ ক্লিনিক। এখন থেকে শহরবাসী একই ছাদের নিচে বিশেষজ্ঞের দ্বারা স্বাস্থ্য পরিষেবার সুযোগ পাবেন। ১০০০০ বর্গফুটের এই অত্যাধুনিক আউটরিচ ক্লিনিকের উদ্বোধন করেন ডঃ রাম চিদম্বরম ও বালাজি হেলথকেয়ারের সিইও ও এমডি ডঃ শৈলেশ কুমার ঝা। এখানে রেডিওলজি, প্যাথলজি, হিস্টোপ্যাথোলজি, মাইক্রোবায়োলজি এবং নিউরো ডায়াগনস্টিকস পরিষেবা পাওয়া যাবে।

ডঃ রাম চিদাম্বরম বলেন, সাশ্রয়ী মূল্যে সর্বোত্তম স্বাস্থ্য পরিষেবা প্রদান করাই আমাদের মূল উদ্দেশ্য। এখানে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা যত্নসহকারে শোল্ডার, কনুই হ্যান্ড এবং স্পোর্টস ইনজুরি, কি হোল সার্জারি সহ সব ধরনের কাঁধ ও কনুই জয়েন্ট প্রতিস্থাপন করা হবে। তিনি বলেন, আশা করি রোগীরা আমাদের চিকিৎসা পরিষেবা থেকে বিশেষ ভাবে উপকৃত হবেন।

এমজিএম হেলথকেয়ারের সিইও মিঃ হরিশ মানিয়ান বলেন, শিলিগুড়িতে ক্লিনিক খুলতে পেরে আমরা গর্বিত। অনেকদিন থেকেই ক্লিনিক খোলার চেষ্টা চলছিল। আজ তা বাস্তাবায়িত হল। তিনি আরও জানান, ভবিষ্যতে বিভিন্ন স্ট্র্যাটেজিক সেন্টারগুলোতে আরও আউটরিচ ক্লিনিক খোলার পরিকল্পনা আছে।

## সোনির দুটি নতুন লার্জ-স্ক্রিন টেলিভিশন

**কলকাতা:** সোনি ইন্ডিয়া দুটি লার্জ-স্ক্রিন টেলিভিশন নিয়ে এসেছে। নতুন ব্রাভিয়া এক্সআর৭৭এ৮০জে ওএলইডি-তে রয়েছে কগনিটিভ প্রসেসর এক্সআর এবং ৮৫এক্স৮৫জে টেলিভিশনে রয়েছে এক্স১ ৪কে এইচডি পিকচার প্রসেসর। দুটি টেলিভিশনেই আছে বেস্ট-ইন-ক্লাস পিকচার কোয়ালিটি, রঙের ভাইব্র্যান্ট শেডস ও গুগল টিভি-সহ আনলিমিটেড এন্টারটেনমেন্ট অপশনস। ১৯৫সেমির (৭৭) লার্জ-স্ক্রিন সাইজের ব্রাভিয়া এক্সআর৭৭এ৮০জে ওএলইডি টেলিভিশনে থাকা কগনিটিভ প্রসেসর এক্সআর-এর কারণে এই টিভিতে সাধারন এআই অপেক্ষা ভাল অভিজ্ঞতা পাবেন দর্শকরা। সোনি এক্স৮৫জে সিরিজের ২১৫সেমির (৮৫) ৮৫এক্স৮৫জে টিভিতে রয়েছে এক্স১ ৪কে এইচডিআর পিকচার প্রসেসর। দুটি টেলিভিশনেই রয়েছে সুপ্রিম গেমিং ক্যাপাবিলিটি, যেমন এইচডিএমআই ২.১, ৪কে১২০, এএলএলএম ও ভিআরআর। দুটি লার্জ-স্ক্রিন টেলিভিশনই বুক করা যাবে সোনি রিটেল স্টোর্স (সোনি সেন্টার ও সোনি এক্সক্লুসিভ), www.ShopatSC.com পোর্টাল ও মেজর ইলেক্ট্রনিক স্টোর্সের মাধ্যমে। এক্সআর-৭৭এ৮০জে টিভির দাম ৫৪৯,৯৯০ টাকা ও কেডি-৮৫এক্স৮৫জে টিভির দাম ৪৯৯,৯৯০ টাকা।

## রাখীবন্ধনের সেরা উপহার আমন্ড




**কলকাতা:** রাখীবন্ধন উৎসব উপলক্ষে উপহার বিনিময়ের প্রথা চিরকালীন। এই বছর, অতিমারিজনিত পরিস্থিতির কারণে পরিবারের সকলের সুস্থতাকে বেশি প্রাধান্য দেওয়া হচ্ছে। সেইজন্য, উপহারের জন্য সাধারন কিছুর পরিবর্তে স্বাস্থ্যকর আমন্ডের কথা বিবেচনা করা যেতে পারে।

আমন্ড পুষ্টিকর উপাদানে ভরপুর। এতে রয়েছে ভিটামিন-ই, ম্যাগনেসিয়াম, প্রোটিন, রাইবোফ্লেভিন, জিংক ইত্যাদি পুষ্টিকর উপাদান। একথা প্রমাণিত যে নিয়মিত আমন্ড গ্রহণ করলে তা হার্টের সুস্থতা, ডায়াবিটিস, ওজন নিয়ন্ত্রণ এবং ত্বকের সুস্থতা বজায় রাখতে সাহায্য করে। স্ন্যাক হিসেবেও আমন্ড বেশ ভাল। এতসব স্বাস্থ্যসম্মত বিষয়ের কারণে রাখীবন্ধন উৎসবে আমন্ডকে সেরা উপহার হিসেবে বেছে নেওয়াই যায়।

বলিউড অভিনেত্রী সোহা আলি খান, ইন্টিগ্রেটিভ নিউট্রিশনিস্ট ও হেলথ কোচ নেহা রঙলানি, ম্যাক্স হেলথকেয়ার দিল্লির রিজিয়োনাল হেড-ডায়েটেটিক্স ঋতিকা সমাদ্দার এবং নিউট্রিশন অ্যান্ড ওয়েলনেস কনসাল্ট্যান্ট শীলা কৃষ্ণমূর্তি পরামর্শ দিয়েছেন রাখীবন্ধনের সময়ে উপহার হিসেবে আমন্ডের কথা বিবেচনা করতে, যাতে প্রিয়জনকে ভালবাসার সঙ্গে সুস্বাস্থ্যের বার্তাও দেওয়া যায়।

## বেটারপ্লেস-এর মোবাইল অ্যাপ

**কলকাতা:** ব্লু-কলার জব-সীকারদের জন্য ভারতের অন্যতম টেক-জায়ান্ট 'বেটারপ্লেস' লঞ্চ করল একটি এক্সক্লুসিভ মোবাইল অ্যাপ্লিকেশন। এর মাধ্যমে কর্মপ্রার্থীরা কাজের সন্ধান করতে ও নিজেদের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারবেন। ১২০০টিরও বেশি কোম্পানিতে ১০ লক্ষেরও বেশি কাজের সুযোগের সন্ধান দেবে এই অ্যাপ।

অ্যাপটি তৈরি হয়েছে ছয়টি ভাষা-বিশিষ্ট 'মাল্টিলিঙ্গুয়াল ইন্টারফেস'-সহ ইংরেজি, হিন্দি, কন্নড়, তেলুগু, তামিল ও হিংলিশ। আগ্রহী প্রার্থীরা অ্যাপে বিনাব্যয়ে নিজেদের সিভি তৈরি করতে এবং রেফারেন্সের জন্য বন্ধু ও সহকর্মীদের সঙ্গে তা শেয়ার করতে পারবেন। ১০০০টিরও বেশি ধরণের কাজের খোঁজ করা যাবে এই অ্যাপ থেকে, যেমন ডেলিভারি পার্টনার, রাইডার পার্টনার, ড্রাইভার পার্টনার, ফিল্ড অ্যাসোসিয়েট, রিটেল অ্যাসোসিয়েট, টেলিকলার, ইলেক্ট্রিসিয়ান ইত্যাদি। সেইসঙ্গে, প্রার্থীরা ৩০,০০০ টাকারও বেশি মাসিক বেতন পাওয়ার সুযোগ পাবেন। বেটারপ্লেস অ্যাপটি পাওয়া যাবে গুগল প্লেস্টোরে।

## অমিতাভ বচ্চনের কণ্ঠ এখন আলেক্সা লাইভ-এ

**কলকাতা:** অ্যামাজন বলিউডের কিংবদন্তি অভিনেতা অমিতাভ বচ্চনের সঙ্গে আলেক্সায় ভারতের প্রথম সেলিব্রিটি ভয়েস ফিচারের কথা ঘোষণা করেছে। ভারতীয় গ্রাহকরা প্রবীণ অভিনেতার কণ্ঠকে ইকো ডিভাইসে বা অ্যামাজন শপিং অ্যাপে মাইক আইকন টিপে তাদের আলেক্সায় যুক্ত করতে বেছে নিতে পারেন। ফিচারটি বর্তমানে শুধুমাত্র অ্যান্ড্রয়েড -এ পাওয়া যাবে যার মূল্যে শুরু হচ্ছে ১৪৯ টাকা থেকে, এক বছরের জন্য।

ব্যবহারকারীদের শুধু বলতে হবে "আলেক্সা, আমাকে অমিতাভ বচ্চনের সাথে পরিচয় করিয়ে দিন" এবং এর মাধ্যমেই ব্যবহারকারীরা মি. বচ্চনের কণ্ঠের সাথে যোগাযোগ করতে পারবেন। নতুন ফিচারের সাহায্যে, ব্যবহারকারীরা এখন বিগ বি -এর কণ্ঠে অ্যাক্সেস করতে পারবেন এবং তাঁর কবিতা, তাঁর পিতা হরিবংশ রাই বচ্চনের কবিতা, চলচ্চিত্রের সংলাপ এবং তাঁর চলচ্চিত্রের গান শুনতে পারবেন। এই নতুন ফিচার টি বিষয়ে মি. অমিতাভ বচ্চন বলেন, "আমি উচ্ছ্বসিত যে আমার শুভাকাঙ্ক্ষীরা এখন এই নতুন মাধ্যমের মাধ্যমে আমার সাথে যোগাযোগ করতে পারে, এবং তাদের এই বিষয়ে কেমন লাগছে তা শোনার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"



# সম্পাদকীয়

## সাম্যের জয় হোক

আমেরিকান সৈন্যরা ঘরে ফিরতেই তাসের ঘরের মত ভেঙ্গে পড়েছে প্রাচ্যের তৈরি আফগান প্রতিরক্ষা ব্যবস্থা। দ্রুত কাবুল সহ প্রায় সমগ্র আফগানিস্তানে দখল নিয়েছে তালিবানরা। ফের তালিবানী শাসনের বিভীষিকা ফিরবে কি আফগানিস্তানে তা নিয়ে শঙ্কিত বিশ্ববাসী। নারী অধিকার সহ আফগানবাসীর মৌলিক অধিকার গুলি কেমন গুরুত্ব দিবে তালিবান তা সময়েই বলবে। তবে তালিবান মুখপাত্রদের মুখে শরিয়তি আইন ফিরিয়ে আনার কথায় শঙ্কিত অনেকেই। ইতিমধ্যেই সংগীত নিষিদ্ধ হয়েছে ওই দেশে। মেয়েরা স্কুলে ফিরতে পারবে নাকি সে নিয়েও দ্বিধা রয়েছে। কুড়ি বছর ধরে আমেরিকানদের তৈরি করা গণতন্ত্রের নিমিষে ধূলিসাৎ হওয়ার ঘটনায় এই সব বিষয় নিয়ে চিন্তা হওয়া স্বাভাবিক।

তবে দীর্ঘদিন আমেরিকানদের অধিনস্ত সরকার ক্ষমতায় থেকেও কেন আফগানিস্তান গণতন্ত্র পরিপুর্নতা পেল না তা নিয়ে প্রশ্ন উঠছে। আফগান পুতুল সরকারের দুর্নীতি আর স্বৈরাচারীতার কারনেই কি তারা জনসমর্থন হারিয়েছিল? নাকি আমেরিকার বিশ্বাসঘাকতা তালিবানদের জয় জয়াকারের জন্য দায়ী তা নিয়ে আলোচনা চলছে। তবে আমেরিকানদের অনুপস্থিতিতে সেই জায়গা দখলের চেষ্টা করছে অনেকেই। চিন রাশিয়া সহ পাকিস্থানের তালিবানদের সুড়সুড়ি দেওয়াকে অনেকেই ভালো চোখে নিচ্ছে না। ভারত সরকারের পক্ষে থেকে আফগানিস্তানের বাসিন্দাদের জন্য গঠনমুলক উদ্যোগ নেওয়ার দাবি উঠেছে। তবে সেটা যাতে আফগানবাসীর কাছে ভারতের দাদাগিরি না হয়ে দাড়ায় সেটাও নজরে রাখা প্রয়োজন।

একথা ঠিক তালিবানদের হুশ ফেরা খুবই প্রয়োজন। গণতন্ত্রের মাধ্যমে সরকার গঠনেই এগিয়ে যেতে পারে সেটা তাদের বুঝতে হবে। আর মানুষের মৌলিক অধিকার ফিরিয়ে দিলেই জন সমর্থনের ভিত বাড়বে। নারীরা নিজেদের অধিকার ফিরে পেলে আফগানিস্তান শক্তিশালী হবে। নারী পুরুষ ভেদাভেদ না করে সাম্যের জয় গান করলে বিশ্ববাসী অনেকটাই কাছে টেনে নিবে নতুন তালিবান কে, নয়ত তাদের বিভীষিকা ইতিহাস হয়ে থাকবে ভবিষ্যত প্রজন্মের কাছে।


## কবিতা

### দূর থেকে লেখা

সন্দীপন দত্ত

দুটো তিল ও একটি টিপ
কালো নিয়ে এমন সজীব সহাবস্থান
তোমার সহিত বাক্যালাপ বিনিময় হয়নি
যেটুকু সেও কেবল প্রিয় ধোঁয়া বিষয়ক
অথচ কত সহজ
তোমায় লেখা
নিয়ে লেখা
বাস্তবিক কবিত্ব একটি অভিশাপ
অথবা খুব সহজ চালাকি
একদিন বলে দেব এই লেখা তোমায় দেখে
তুমি লজ্জা পাবে সামান্য
বাকিটা আমার লজ্জিত হওয়ার অধ্যায়
সৃষ্টি কত সহজে অস্বীকার করে
পিতামাতার স্মৃতি।।

## প্রবন্ধ



### সংস্কৃতির অঙ্গনে নিউ নরমাল যাপন

নীলাদ্রি বিশ্বাস

রঙ্গমঞ্চের বর্তমানের প্রথম সারির কুশীলবদের মধ্যে অন্যতম এক নিভৃত আলাপচারিতায় বলেছিলেন যে, ঘন্টা দুয়েকের মঞ্চের লাইভ অ্যাকশন এবং ওই মুহূর্তে দর্শকঠাসা অডিটোরিয়ামের বিভিন্ন প্রতিক্রিয়ায় অবগাহন তাঁর সু-অভিনয়ের অন্যতম অনুঘটক। শুধু নাট্যমঞ্চ কেন, এ কথার প্রতিধ্বনি সংস্কৃতি চর্চার প্রায় প্রতিটি ক্ষেত্রের ধারক-বাহকদের মধ্য থেকেই উঠে আসে। দর্শক-শ্রোতার প্রতিক্রিয়াই তো তাঁদের পারফরমেন্সের উন্নতির চাবিকাঠি। অন্ধকার অডিটোরিয়ামের প্রবল জ্যান্ত আবহাওয়াই তো পারে আলোকোজ্জ্বল, রঙিন মঞ্চে ফুল ফোটাতে।

তাহলে ... তাহলে এখন কি? গত প্রায় বছর দেড়েক ধরে এই মানুষের মুখে আনন্দ, সুখ-দুঃখ, রাগ ফুটিয়ে তুলবার কান্ডারীরা কেমন আছেন? কেমন আছে তাঁদের সৃষ্টিশীল মানসিকতারা ? বিশ্বব্যাপী থমকে যাওয়ার মুহূর্তের মাঝে তারাও কি স্থবিরতা-আক্রান্ত হয়েছেন ? নাকি ... ?

বাৎসরিক নাটকের উৎসব, নাট্য প্রতিযোগিতা, পয়লা কিংবা ২৫ শে বৈশাখ উদযাপন, বিদ্রোহী কবির জন্মদিনে ঘটা করে সংগীতের মাধ্যমে মঞ্চ অনুষ্ঠানের শুভ সূচনা, সঙ্গীত বা নৃত্যের সুচারু অনুষ্ঠানের আয়োজন- এসবকিছুই কোভিডের করাল গ্রাসে ভীষণভাবে বিঘ্নিত। প্রথম এবং দ্বিতীয় ঢেউয়ের মাঝামাঝি সময়ে করোনার খানিক ঝিমুনির কালে মঞ্চ আবার বেশ কিছু স্থানে কথা বলে উঠলেও সে কথা শুনবার মানুষ কিন্তু খুব বেশি ছিলেন না অডিটোরিয়ামে। সামগ্রিকভাবে ভীতির পরিবেশ রচিত হয়েছে যে অনেক আগেই তারপর থেকে বর্তমান সময় পর্যন্ত রুদ্ধ রয়েছে অডিটোরিয়ামের দরজা। কোন সুদূর ভবিষ্যতে সে দ্বার উন্মুক্ত হবে তা বোধহয় একমাত্র ঈশ্বরই জানেন।

কিন্তু, আমরা এডজাস্টমেন্টে বিশ্বাসী। সাম্প্রতিক কোভিড আবহাওয়া সে অভ্যাসে আরো বেশি করে শান দিয়েছে মাত্র। সবকিছু বন্ধ থাকার কালে সর্বস্তরের মানুষ বিভিন্নভাবে তাদের দৈনন্দিন কার্যকলাপে বদল এনেছে। বেঁচে থাকার তাগিদে ধনী থেকে দরিদ্র, সরকার থেকে বিরোধী, শত্রু থেকে মিত্রের দল যখন গৃহকোণে নিশ্চিন্তির আশ্রয় খুঁজে পেতে ব্যস্ত, ঠিক সেইসময় সংস্কৃতি চর্চা জগতে আনাগোনাকারীরা পিছপা হবেন কেন। অতএব ব্যস্ত হয়ে উঠেছে ফেসবুক, হোয়াটসঅ্যাপ গ্রুপ গুলি। গত দেড় বছরে নেট ব্যবস্থার সাহায্য নিয়ে ভার্চুয়ালি সংস্কৃতি প্রেমিকদের মধ্যে বন্ধন যেন আরো দৃঢ় হয়েছে। এ মুহূর্তে অসংখ্য ফেসবুক গ্রুপ পেজে প্রায় প্রতিটি সন্ধ্যেয় প্রায় ঘন্টা দুয়েক ধরে অনুষ্ঠানে ব্যস্ত থাকছেন সবাই। অগণিত হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে আয়োজিত হচ্ছে থিয়েটার আড্ডা, বিভিন্ন প্রয়োজনীয় বিষয় ভিত্তিক সেমিনার কিংবা অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আসর। বিভিন্ন অ্যাপ ব্যবহারে সরগর হয়ে উঠেছেন এর ফলে আট থেকে আশির দল। নাট্য অঙ্গনে প্রাজ্ঞ গৌতম হালদার, অসিত বসু থেকে শুরু করে পরান বন্দ্যোপাধ্যায়ের মতো শিল্পী, পশ্চিমবঙ্গের খুব সাধারন নাট্যকর্মী থেকে শুরু করে বাংলাদেশের মঞ্চ কাঁপানো অভিনেত্রী সবাই এর ফলে এসেছেন খুব কাছাকাছি। আলোচনার মাধ্যমে অভিজ্ঞতার আদান-প্রদান, অতীত থেকে বর্তমান শিখছে অনেক কিছুই। শুরু হয়েছে বিভিন্ন অনলাইন থিয়েটার ক্লাস। ছাত্র-ছাত্রীদের ভিড় ধীরে হলেও বাড়ছে সেখানে। গত দেড় বছরে আয়োজিত হয়েছে বেশকিছু অনলাইন নাট্য প্রতিযোগিতা। নিজস্ব অনুশীলন কক্ষে নিভৃতে করা নাটকের ভিডিও ক্লিপিংস পাঠিয়ে প্রতিযোগিতায় অংশ নিচ্ছে উত্তর থেকে দক্ষিণের প্রচুর নাট্যদল। ঠিক একই প্রক্রিয়ায় অনলাইন প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন সঙ্গীত নৃত্য আবৃত্তি অঙ্গনের শিল্পী থেকে শুরু করে অনুগল্প, কবিতার লেখক-লেখিকা কিংবা প্রাবন্ধিকেরা। সন্ধ্যা লগনে বাস্তবিক অর্থেই ব্যস্ত থাকছে অনলাইন সংস্কৃতির অঙ্গন।

কোভিড আবহে সংস্কৃতির অঙ্গনকে সচল রাখার এই নিউ নরমাল প্রক্রিয়ার বাইরে এ মুহূর্তে ভাবার কিছু নেই অবশ্যই। যদিও এসবের ছোঁয়ার বাইরেও অনেকে আছেন, যাঁরা মনোযোগী দর্শক হয়েও দূরে রয়ে গেছেন, যাঁরা কুশলী শিল্পী হলেও রয়ে গেছেন এ গণ্ডির বাইরে। বলাবাহুল্য, নিতান্ত বাধ্য হয়েই। এদের কাছে একটা অ্যান্ড্রয়েড ফোন ব্যবহার কিংবা সে ফোনে প্রয়োজনীয় জিবি ভরে অনলাইন অনুষ্ঠানে অংশগ্রহণ একটা বিরাট বিলাসিতা ছাড়া আর কিছু নয়। মনে ইচ্ছের পাহাড় জমা রেখে এই ধারার সংস্কৃতি প্রেমিকরা কিন্তু এখনও তাকিয়ে আছেন বন্ধ হয়ে থাকা অডিটোরিয়াম গুলোর দরজার দিকে।

## গল্প



### যদি ভুলে যাওয়া যেত...

সত্যম ভট্টাচার্য

কেন এরকম হয়, কেন ওকে দেখার সময় আসলেই বুকের ভেতর পুজোর ঢাক বাজতে থাকে খুব জোরে, মনে হয় যেন শেষ বিকেলের হলুদ আলোটাকে সঙ্গে নিয়ে ও বাড়ি ফিরে যাচ্ছে আর তখনই কেন এমন হাত পা অবশ হয়ে আসে আমার-

রাস্তার মোড়ে দাঁড়িয়ে এসব কথাই ভাবছিল অনিমেষ। পাগলের মতো মেয়েটা টানছে ওকে এখন। যখন যেখানে যায় সবসময় মনের মধ্যে ওর কথা ঘোরে। সকাল সন্ধ্যেতে বাড়িতে যেই বই খুলে পড়তে বসে তাতেও মনে হয় যেন ওর মুখই দেখছে বইয়ের পাতায়। মাঝে মাঝে অস্থির লাগে খুব। মনে হয় এরকম সবসময় যন্ত্রণা পাবার থেকে একটা কিছু হয়ে গেলে খুব ভালো হয়। এরকম সুতোয় ঝুলতে থাকা জীবন আর ভালো লাগছে না ওর।

অবশ্য এসবের জন্য অনি নিজেই দায়ী। সেদিনই যদি বাসে পাশে বসে বলে দিতে পারতো কথাটা তাহলে আজকে আর এই পরিস্থিতি হত না। ও জিজ্ঞেসও করেছিলো। কিন্তু কেন যে ঠিক কাজের মুহূর্তে মুখ দিয়ে দরকারী কথাটা বেরোয় না অনির। হাত পা কাঁপতে থাকে তখন। মনে হয় যেন এক্ষুণি জল না খেলে হয়তো মরে যেতে পারে ও। আর ঠিক তখনই বাড়ির ওপর খুব রাগ হয়। কেন যে ওর বাড়িটা এরকম। কেন বাবাকে দেখলেই বুকের রক্ত জল হয়ে আসে অনির। কেন আর বাদ বাকি সব বন্ধুর মতো বড় মোবাইল কিনে দেয় না ওকে বাড়ি থেকে। চাইলেই বলে মানুষ হও। মানুষ তো সে বটেই। না হলে কি আর ভেতরে এমন প্রেম আসে। না হলে কি আর প্রতি রাতে মেয়েটা হাইহিলে এমন টকটক আওয়াজ তুলে ঘর থেকে বেরিয়ে যায়। খুব ক্লান্ত হয়ে পড়ে অনি তখন। শুয়ে শুয়ে ভাবতে থাকে কবে যে শেষ হবে এইসব। কবে যে এমন আওয়াজ তুলে আর চলে যাবে না ও।

উফ,দারুণ লাগছে মাইরি-

সত্যি বলেছিস অনি-

যেন মনে হচ্ছে পুজো এসে গেলো বল-

হ্যাঁ,ঠিক তাই। আর সেজন্যই তুই আজকে খাওয়াবি-

অদ্ভুত,আমি খাওয়াতে যাবো কেন?

কারণ এই পুজোয় প্রেম হচ্ছে তোর-

ধুর শালা-

আজকে এই সিজনের প্রথম কুয়াশা পড়লো। কি ভালোই যে লাগছে চারিদিক।শুনশান মফস্বলের সকালে বন্ধুরা মিলে রাস্তা দিয়ে সাইকেল চালিয়ে পড়তে যাচ্ছিলো অনিরা। আর কদিন পরই মহালয়া।তার ওপর ও মেসেজ করেছে আজ সকালে। লিখেছে পড়তে আসছিস তো?কেন এমন করে মেয়েটা মাঝেমাঝে।কোন কোন দিন রাতে শোবার সময় অনি ভাবে যে কাল থেকে আর ওর কথা ভাববে না। ভুলে যেতে চেষ্টা করবে ওকে। আর সেদিন সকালেই এমন একটা মেসেজ চলে আসে ওর ছোট্ট ফোনটায়। আবার হয়তো গিয়ে দেখবে যে আজ কথাই বললো না।

বন্ধুরা এগিয়ে গেলেও ইচ্ছে করেই দাঁড়ালো অনি। যদি কিছু বলে। যদি আজ একসাথে ফেরা যায় তাহলে ও বলে দেবে সব। বলে দেবে সব সেদিন বাসে যা যা বলতে পারেনি।

প্লিজ, দেখ না রে আমার সাইকেলটার চেন পড়ে গেলো-

উফ, কেন যে এই মেয়েটা বোঝে না। শুধু চেন কেন। ওর জন্য সব করে দিতে পারে অনি। এভাবেই যদি ও পাশে দাঁড়িয়ে থাকে।

একটা মিষ্টি হালকা গন্ধ নাকে লাগছে। আচ্ছা এটা কি ওর গায়ের গন্ধ।এত এত সুন্দর হতে পারে সব। মনে হচ্ছে যেন এই চেন তোলা সারা জীবন চলুক। এভাবেই কালি মাখা হাত ধুইয়ে দিয়ে যাক সকালের নরম আলো এসে।

আমার একটা কাজ করে দিবি-

রিনরিনে গলাটা বেজে উঠতেই অনি বুঝলো ওর চেন তোলা শেষ হয়ে গিয়েছে।

এই চিঠিটা বাবাইকে একটু দিয়ে দিবি?

হাত বাড়িয়ে চিঠিটা নিলো অনি। ওর জন্য ও সব করতে পারে। এমনকি ভুলে যেতে....

## স্কেচার্সের গো ওয়াক ৬ কালেকশন

**শিলিগুড়ি:** কমফর্ট টেকনোলজি কোম্পানি স্কেচার্স লঞ্চ করল 'গো ওয়াক ৬' ওয়াকিং শ্যু কালেকশন। গো ওয়াক ৬ কালেকশনের বৈশিষ্ট্য হল এতে রয়েছে লাইটওয়েট আলট্রা গো কুশনিং মিডসোল ও হাই-রিবাউন্ড হাইপার পিলার টেকনোলজি।

গ্রাহকদের হাঁটার আনন্দ আরও বাড়িয়ে তুলতে স্কেচার্স গো ওয়াক ৬ ডিজাইন করা হয়েছে। হাঁটার সময়ে এই কালেকশনের হাইপার পিলার টেকনোলজি দেবে প্রিমিয়াম কমফর্ট ও রিবাউন্ড। আরাম দেওয়ার জন্য এই জুতোর প্রতিটি জোড়ায় রয়েছে এয়ার-কুলড ম্যাট ইনসোল ও অ্যাথলেটিক আপার। স্কেচার্স গো ওয়াক ৬ পাওয়া যাচ্ছে পুরুষ ও মহিলা উভয়ের জন্যই। এর দাম শুরু হয়েছে ৫৪৯৯ টাকা থেকে। এই জুতো পাওয়া যাবে স্কেচার্স-ডট-ইন ও স্কেচার্স রিটেল স্টোরগুলি থেকে।

## এইচডিএফসি মাল্টি-অ্যাসেট ফান্ড

**শিলিগুড়ি:** এইচডিএফসি মাল্টি-অ্যাসেট ফান্ড তিনটি অ্যাসেট ক্লাসে বিনিয়োগ করে, ইকুইটি, ডেট ও গোল্ড। এর উদ্দেশ্য বিনিয়োগকারীদের অ্যাসেট অ্যালোকেশনের প্রয়োজন পূরণ করা। ইকুইটির লক্ষ্য ক্যাপিটাল অ্যাপ্রিসিয়েশন প্রদান, ডেটের উদ্দেশ্য পোর্টফোলিয়োর স্ট্যাবিলিটি বৃদ্ধি ও গোল্ড হল একটি নিরাপদ অ্যাসেট ক্লাস।

এইচডিএফসি মাল্টি-অ্যাসেট ফান্ড অ্যাসেট অ্যালোকেশনের জন্য একটি মডেলচালিত উপায় অনুসরন করে চলে। বর্তমানে এই স্কিম লার্জ ক্যাপ প্রবণতা নিয়ে চলছে। এর ৭০ শতাংশ ইকুইটি অ্যাসেট বিনিয়োগ হচ্ছে লার্জ ক্যাপগুলিতে। যেসব বিনিয়োগকারী ইকুইটি, ডেট ও গোল্ড, এই তিনটি অ্যাসেট ক্লাসে বিনিয়োগের জন্য একটি প্রোডাক্টের সন্ধান করছেন, সেইসব বিনিয়োগকারীদের কাছে বিনিয়োগের এক উপযুক্ত পন্থা হল এইচডিএফসি মাল্টি-অ্যাসেট ফান্ড, যা এক দীর্ঘমেয়াদী বিনিয়োগের উপায়।

## কোলগেটের রিসাইক্লেবল টুথপেস্ট টিউব

**শিলিগুড়ি:** কোলগেট-পামোলিভ ভারতে লঞ্চ করল ফার্স্ট-অফ-ইটস-কাইন্ড রিসাইক্লেবল টুথপেস্ট টিউব। দেশের সর্বত্র এই নতুন টিউবের টুথপেস্ট পাওয়া যাবে চলতি মাস থেকেই। কোলগেটের রিসাইক্লেবল টিউবের টুথপেস্ট তৈরি হচ্ছে কোলগেট অ্যাক্টিভ সল্ট ও কোলগেট বেদশক্তি টুথপেস্ট পোর্টফোলিয়োর জন্য। নতুন টিউবগুলি সফট, স্কুইজেবল ও রিসাইক্লেবল। এক দশকেরও বেশি সময় ধরে কোলগেট-পামোলিভ ইন্ডিয়া তৈরি করছে রিসাইক্লেবল কার্টন ও বক্স। এরপর তারা রিসাইক্লেবল প্যাকেজিংয়ের ক্ষেত্রে পদক্ষেপ করল। বিশ্বে কোলগেট-পামোলিভ প্রথম রিসাইক্লেবল টুথপেস্ট টিউব নিয়ে এলো। এরফলে, প্রতিবছর অগুন্তি টুথপেস্ট টিউব পুণর্ব্যবহারযোগ্য করে তোলা সম্ভব হবে এবং ভার্জিন প্লাস্টিকের ব্যবহারহ্রাস করা যাবে।

# বেদান্ত ফাউন্ডেশনের উদ্যোগ

**কলকাতা:** বেদান্ত গ্রুপের জনহিতকারী শাখা বেদান্ত ফাউন্ডেশন দেশে ১৫ অগাস্ট থেকে ১৫ সেপ্টেম্বরের মধ্যে ১০০টি নতুন জীবিকা সংক্রান্ত দক্ষতা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার কথা ঘোষণা করল। রোজগার কেন্দ্র হিসেবে পরিচিত নতুন কেন্দ্রগুলি বর্তমানে চালু থাকা ১৭০টি কেন্দ্রের অতিরিক্ত। এমাসেই আরও ৩৭টি এধরণের কেন্দ্র চালু করা হবে।




বেদান্ত ফাউন্ডেশনের উদ্দেশ্য, আর্থিক দুর্বল শ্রেণী থেকে আসা ছাত্রছাত্রী ও কর্মহীন তরুণ বয়স্কদের দক্ষতা বৃদ্ধি ও তাদের কাজের সুযোগ করে দেওয়া। যেসব কোম্পানি রোজগার কেন্দ্রগুলি থেকে প্রার্থীদের নিয়োগ করেছে সেগুলির মধ্যে রয়েছে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, অ্যাক্সিস ব্যাংক, পেটিএম, রিলায়েন্স, গোদরেজ, ফ্লিপকার্ট, অ্যামাজন, জেনপ্যাক্ট ও এলআইসি। দক্ষতা সৃষ্টির লক্ষ্যে প্রকল্প রূপায়ণের জন্য বেদান্ত ফাউন্ডেশন চারটি নামী কোম্পানিকে বেছে নিয়েছে বিড়লা এডুটেক, সংহিতা সোশ্যাল ভেঞ্চার্স, কোয়েস কর্প ও সেন্টাম লার্নিং।

ভারত সরকারের স্কিল ইন্ডিয়া 'কৌশল ভারত, কুশল ভারত' কর্মসূচি অনুসারে গঠিত কয়েকটি সেক্টর স্কিল কাউন্সিলের (এসএসসি) সঙ্গে পার্টনারশিপ গড়ে তুলেছে বেদান্ত ফাউন্ডেশন, যাতে শিক্ষানবিসদের ভালো জীবিকার সুযোগ করে দেওয়ার জন্য 'ইন্ডাস্ট্রি ডিমান্ড'-এর সঙ্গে যোগাযোগ ঘটিয়ে দেওয়া সম্ভব হয়। ট্রেনিং সেন্টার স্থাপন ও কর্মহীন যুবক-যুবতীদের কাছে পৌঁছানোর জন্য এই ফাউন্ডেশন বিভিন্ন সামাজিক সংস্থার সঙ্গেও সম্পর্ক গড়ে তুলেছে, যেমন রামকৃষ্ণ মিশন, বিভিন্ন গভর্নমেন্ট এজেন্সি ও এনজিও।

# ভোডাফোন আইডিয়া ফাউন্ডেশনের উদ্যোগ

**শিলিগুড়ি:** ইলেকট্রনিক্স ও আইটি মন্ত্রকের অধীন কমন সার্ভিসেস সেন্টার (সিএসসি) হাত মেলালো ভোডাফোন আইডিয়া ফাউন্ডেশনের সঙ্গে। এর উদ্দেশ্য হল অসহায় অবস্থার নাগরিকরা যেন কোভিড-১৯ প্রতিরোধক ভ্যাক্সিন গ্রহণের জন্য রেজিস্ট্রেশন করতে সক্ষম হন।

সিএসসি'র সিএসআর ও এডুকেশন শাখা সিএসসি অ্যাকাডেমি ভ্যাক্সিনেশনের জন্য রেজিস্ট্রেশনের ব্যাপারে দেশের এক মিলিয়ন মানুষকে সহযোগিতা করবে ভিলেজ লেভেল এন্টারপ্রিনারদের (ভিএলই) মাধ্যমে। ভিএলই-গুলি বয়স্ক মানুষ, বস্তিবাসী, দিনমজুর প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রের অসহায় মানুষজনকে চিহ্নিত করে তাদের কাছে পৌঁছে যাবে। যারা কোনওরকম সুবিধাভোগী নন, ইন্টারনেট বা স্মার্টফোন ব্যবহার করেন না অথবা ডিজিটাল ডিভাইস ব্যবহার করতে জানেন না এমন নাগরিকদের অগ্রাধিকার দেওয়া হবে। ভিএলই-গুলি নাগরিকদের নাম সরাসরি কোউইন অ্যাপে নথিভুক্ত করবে এবং ভ্যাক্সিনেশনের দিনক্ষণ স্থির করবে।

উল্লেখ্য, সিএসসি অ্যাকাডেমির সঙ্গে ভোডাফোন আইডিয়া ফাউন্ডেশনের সম্পর্ক দীর্ঘদিনের। ফিনান্সিয়াল ও ডিজিটাল লিটারেসি'র সুবিধা তৃণমূল স্তরে পৌঁছে দেওয়ার জন্য তারা ৩০টি মোবাইল ভ্যান চালু করতে সহযোগিতা করেছে। গতবছর থেকে ওইসব মোবাইল ভ্যানগুলিকে কোভিড-১৯ সংক্রান্ত আচরণবিধি প্রচারের জন্য ও ড্রাই রেশন বিতরণের জন্য কাজে লাগানো হচ্ছে।

# পেট্রোল-ডিজেলের তুলনায় ইলেকট্রিক গাড়ির খরচ কম



**শিলিগুড়ি:** পেট্রোল-ডিজেলের ক্রমাগত দাম বৃদ্ধিতে এখন সিএনজি, ইলেকট্রিক গাড়ির দিকে ঝুঁকছে গাড়ির মালিকরা। ভারতে ইতিমধ্যেই ইলেকট্রিক গাড়ি আনা শুরু করেছে বিভিন্ন কোম্পানি। তবে ইলেকট্রিক গাড়িগুলির পার ইউনিটে গড় খরচ কত? এই বিষয়টি নির্ভর করে জায়গার ওপর। মুম্বইতে ইলেকট্রিক গাড়ি চার্জ করতে প্রতি ইউনিটে খরচ পড়ে ১৫ টাকা, যেখানে রাজধানী দিল্লিতে এই খরচ প্রতি ইউনিটে প্রায় ৪.৫ থেকে ৫ টাকা। পুরো গাড়ি চার্জ করতে ২০-৩০ ইউনিট প্রয়োজন হয়। সেই ক্ষেত্রে দিল্লিতে পুরো খরচ দাঁড়ায় ১২০-১৫০ টাকা। অন্যদিকে, মুম্বইতে এই খরচ দাঁড়ায় ২০০-৪০০ টাকা।

ক্রেতারা ফাস্ট চার্জিং এবং সাধারণ চার্জিংয়ের মাধ্যমে ইলেকট্রিক গাড়ি চার্জ করতে পারেন। ফাস্ট চার্জিংয়ের ক্ষেত্রে গাড়ি চার্জ করতে সময় লাগে ৬০-১১০ মিনিট এবং সাধারণ চার্জিংয়ের ক্ষেত্রে সময় লাগে ৬-৭ ঘণ্টা। একবার ইলেকট্রিক গাড়ি পুরো চার্জ হলে তা কত কিলোমিটার যেতে পারবে সেটা ইঞ্জিনের ওপর নির্ভর করে। টেসলা কোম্পানির গাড়ি এক চার্জে ৫০০ কিলোমিটার পর্যন্ত যেতে পারে, যা অন্য সব কোম্পানির ইলেকট্রিক গাড়িগুলোর থেকে অনেকটাই বেশি।

ভারতের গাড়ি বাজারে সরকার ভর্তুকি দেওয়ায় প্রায়শই ইলেকট্রিক গাড়ির আত্মপ্রকাশ ঘটছে দেশে। আগে হাইব্রিড মডেল এনেছিল মারুতি। এবার ইভি মডেল আনছে টাটা। এই তালিকায় নাম রয়েছে, টাটা নেক্সন ইভি থেকে শুরু করে অনেক নতুন গাড়ির মডেলেরই।

# ত্রিপুরার ধর্মনগরে নতুন সাব-স্টেশন

**আগরতলা:** আজাদীকামহোৎসব-এর অঙ্গ হিসেবে উত্তর ত্রিপুরার ধর্মনগর ও কুমারঘাট জেলায় পাওয়ার সাব-স্টেশন উদ্বোধন করলেন ত্রিপুরার উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেব বর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার ডেপুটি স্পিকার বিশ্ববন্ধু সেন, উত্তর ত্রিপুরার জেলা সভাধিপতি ভবতোষ দাস এবং ত্রিপুরা স্টেট ইলেক্ট্রিসিটি কর্পোরেশন লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ড. এম এস কেলে ও ডিরেক্টর (টেকনিক্যাল) দেবাশিস সরকার।

পাওয়ার মিনিস্ট্রির নিয়ন্ত্রনাধীন একটি নবরত্ন পিএসইউ পাওয়ার ফিনান্স কর্পোরেশন লিমিটেড আইপিডিএস স্কিম বাস্তবায়নের নোডাল এজেন্সি। ধর্মনগর সাব-স্টেশনের মোট প্রোজেক্ট কস্ট হল ৭.১৮ কোটি টাকা এবং বেনেফিসিয়ারির সংখ্যা ১১২৮৭। অন্যদিকে, কুমারঘাট সাব-স্টেশনের মোট প্রোজেক্ট কস্ট ৭.০৯ কোটি টাকা এবং এর দ্বারা উপকৃত মানুষের সংখ্যা ৮৮৯৭।

প্রোজেক্টগুলি রূপায়নের ফলে রাজস্ব বৃদ্ধি পাবে। সেইসঙ্গে, লোডশেডিং ও এটি-অ্যান্ড-সি লোকসানের বহর হ্রাস পাবে, ফলে ত্রিপুরার নাগরিকদের উপকার হবে। উল্লেখ্য, পাওয়ার মিনিস্ট্রির মাধ্যমে ভারত সরকার মোট প্রোজেক্ট কস্টের ৮৫ শতাংশ বহন করছে।

# ফেন্ডা অডিয়োর নতুন সাউন্ডবার



**কলকাতা:** ভারতের অগ্রণী অডিয়ো সলিউশনস ব্র্যান্ড ফেন্ডা অডিয়ো (এফ-অ্যান্ড-ডি) লঞ্চ করল এক পাওয়ারফুল ও মাল্টিফাংশনাল সাউন্ডবার সাবউফার-সহ এফঅ্যান্ডডিএইচটি-৩৩০ সাউন্ডবার।

এফঅ্যান্ডডি এইচটি-৩৩০ সাউন্ডবার বাড়ি বা অন্যত্র কোয়ালিটি মিউজিকের জন্য উপযুক্ত। মাল্টিপল কানেক্টিভিটি অপশনের এই সাউন্ডবারকে ব্লুটুথ ৫.০-এর মাধ্যমে যেকোনও টিভি, ল্যাপটপ, ট্যাব বা স্মার্টফোনের সঙ্গে যুক্ত করা যায়। এই সাউন্ডবারে রয়েছে ৮০ওয়াট পাওয়ার আউটপুট ও সাবউফারের ৬.৫ বাস ড্রাইভার। ডিসপ্লে প্যানেলে রয়েছে 'গুড ভিউয়িং অ্যাঙ্গেল'-সহ ব্রাইট এলইডি ডিসপ্লে। ১২-মাসের ওয়ারেন্টি-সহ এফঅ্যান্ডডি এইচটি-৩৩০ সাউন্ডবারের দাম ৭৯৯৯ টাকা। এটি কেনা যাবে কোম্পানির ওয়েবসাইট ও অগ্রণী ই-কমার্স প্লাটফর্মগুলি থেকে।

# ১ অক্টোবর থেকে শুরু হচ্ছে দুবাই এক্সপো ২০২০

**কলকাতা:** বিশ্বের মেগা-ইভেন্টগুলির মধ্যে অন্যতম হল দুবাই এক্সপো। কোভিড মহামারীর কারণে ২০২০ সালে দুবাই এক্সপো বন্ধ ছিল। আয়োজকদের তরফ থেকে জানানো হয়েছে, চলতি বছরের অক্টোবর থেকে শুরু হতে চলেছে দুবাই এক্সপো। এই সিদ্ধান্ত নেওয়ার আগে স্বাস্থ্য সচেতনতা, ভ্রমণ সংক্রান্ত সুরক্ষা, সুষম ও পুষ্টিকর খাদ্য সরবরা বিষয় বিশ্বব্যাপী দুটি মার্কেট সার্ভে করা হয়। ২৪টি দেশের প্রায় ২২,০০০ মানুষ অক্টোবরে দুবাই এক্সপো শুরু করার পক্ষে ভোট দেয় এবং ৮৮ শতাংশ ভারতীয় মনে করে যে মহামারীর মতো বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্বব্যাপী সহযোগিতার প্রয়োজন। এই সার্ভের ভিত্তিতে ছয় মাস ধরে দুবাই এক্সপো চালানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দুবাই এক্সপো ২০২০, ১ অক্টোবর থেকে চলবে মার্চ ২০২২ পর্যন্ত।

এক্সপো ২০২০ -তে ভারতীয় প্যাভিলিয়নের থিম রাখা হয়েছে,'ইন্ডিয়া অন দ্য মুভ'। এই থিমে,জাতির প্রগতিশীল দর্শন এবং প্রযুক্তিগত অগ্রগতির মাধ্যমে আধুনিক ও প্রগতিশীল ভারতের ছবি তুলে ধরা হবে।

সংযুক্ত আরব আমিরাতের আন্তর্জাতিক সহযোগিতা প্রতিমন্ত্রী এবং এক্সপো ২০২০ দুবাইয়ের পরিচালক রীম আল হাশিমি বলেন, সার্ভের মাধ্যমে বিশ্ব জনগনের মতামত আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। সেই মতামত অনুসারে দুবাই এক্সপো ২০২০-এর দরজা বিশ্বের দরবারে খুলে দিতে পেরে আমরা খুবই খুশী।

# পর্যটক টানতে নতুন রূপে সাজছে নাডাবেট

**কলকাতা:** গুজরাটে বড় সংখ্যায় পর্যটকদের আগমন বিবেচনা করে স্বদেশ দর্শন প্রকল্পের অধীন গুজরাটের একমাত্র সীমান্ত পর্যকেন্দ্র ভারত-পাকিস্তান সীমান্তের জিরো পয়েন্টে বিভিন্ন আকর্ষণ যুক্ত করা হয়েছে। মুখ্যমন্ত্রী বিজয় রূপানীর তত্ত্বাবধানে পর্যটন বিভাগ থেকে নাডাবেট-এ আন্তর্জাতিক সীমান্ত জিরো পয়েন্টে পর্যটনের উন্নয়নে কাজ শুরু হয়েছে। যেমন, 'অজয় প্রহরী' মেমোরিয়াল নির্মিত হয়েছে সেইসব



সেনার স্মৃতিতে যাঁরা দেশরক্ষায় প্রাণ দিয়েছেন।এ ছাড়া, টি-জংশন থেকে জিরো পয়েন্ট পর্যন্ত রাস্তায় একটি প্ল্যাটফর্ম সৃষ্টি করা হয়েছে এবং সেনাবাহিনীর বিভিন্ন অস্ত্র যেমন সারফেস মিসাইল, সারফেস-টু-সারফেস এয়ার মিসাইল, টি-৫৫ ট্যাংক, আর্টিলারি গান, টর্পেডো এ মিগ-২৭ এয়ারক্রাফট রয়েছে ডিসপ্লেতে। বর্ডার দেখতে যেসব পর্যটক আসবেন, তাঁরা দেখতে এবং জানতে পারবেন, কীভাবে আমাদের সেনাবাহিনী দেশ রক্ষা করে। রিট্রিট অনুষ্ঠানের জন্য প্রস্তুত করা হয়েছে একটি প্যারেড গ্রাউন্ড। যেখানে সীমান্ত রক্ষী জওয়ানরা রিট্রিট অনুষ্ঠান করবেন।

গুজরাট পর্যটন বিভাগ স্বদেশ দর্শন প্রকল্পের অধীনে সক্রিয়ভাবে রাজ্যের বিভিন্ন পর্যটন স্থান উন্নয়নের কাজ করছে। ভাদনগর, মোধেরা ও পাটান অন্তর্ভুক্ত হয়েছে হেরিটেজ সার্কিটে। ঐতিহাসিক মোধেরা সূর্য মন্দিরে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করেছে।

## ব্যক্তিগত উদ্যোগে সড়ক মেরামত তৃণমূল নেতার

**আলিপুরদুয়ারঃ** দুয়ারে সরকার কর্মসূচিতে যেতে যাতে কালচিনি ব্লকের দুর্গম এলাকা রায়মাটাং ডিপোর বাসিন্দাদের কোনো সমস্যা না হয় তার জন্য ব্যক্তিগত উদ্যোগে রায়মাটাং ডিপো যাওয়ার সড়ক মেরামতের উদ্যোগে নিল এলাকার তৃণমূল নেতা পাসাং লামা।

কালচিনি ব্লকের এক দুর্গম এলাকা রায়মাটাং ডিপো। কালচিনি থেকে এই রায়মাটাং ডিপো যাওয়ার মাঝে বয়ে যাওয়া খরস্রোতা পানা নদী ক্রমাগত বৃষ্টিতে ফুলেফেঁপে উঠেছে। এই এলাকায় ২৫ আগস্ট কালচিনিতে আয়োজিত হবে দুয়ারে সরকার। এলাকার বাসিন্দারা দুয়ারে সরকারে যাবে কিভাবে এই কথা চিন্তা করে ২৪ আগস্ট পাসাং লামা নিজ উদ্যোগে সড়ক মেরামতের উদ্যোগ নেয়। পাসাং লামা জানান বর্তমানে অস্থায়ী কাজ চলছে আগামীতে প্রশাসনের কাছে আবেদন করব ঐ এলাকায় স্থায়ী সমস্যা সমাধান করতে।

## করোনার তৃতীয় ঢেউ রুখতে পথে নামল জেলা প্রশাসন

**জলপাইগুড়িঃ** করোনা ঠেকাতে আরও কঠোর হল জলপাইগুড়ি জেলা প্রশাসন। ২৪ আগস্ট সাত সকালেই জলপাইগুড়ি শহরের রাস্তায় অভিযানে নামেন সদর মহকুমা শাসক সুদীপ পাল। তাঁর সঙ্গে ছিলেন জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ ও পুরসভার আধিকারিকরা।

সদও মহকুমাশাসক সুদীপ পাল বলেন, জেলাশাসকের নির্দেশে আমরা অভিযানে নেমেছি। করোনা বিধি না মানলেই আমরা আটক করছি। এই অভিযান লাগাতার চলবে বলে জানান তিনি। অভিযানে নেমেই এদিন কোভিড বিধি ভঙ্গকারীদের আটক করে পুলিশ। এদিন সকালে শহরের থানা মোড়, মার্চেন্ট রোড, ডিবিসি রোড, দিনবাজার সহ বিভিন্ন এলাকায় অভিযান চালানো হয়। নাকের নিচে মাস্ক নামিয়ে শহরে যারা ঘুরছিলেন তাদের সতর্ক করেন সদর মহকুমা শাসক। মাস্ক না পরে যারা দোকানদারি করছিলেন অভিযানের মুখে পুলিশের নজরে আসতেই তাদেরকেও সতর্ক করা হয়।

## নির্দিষ্ট পার্কিংজোন তৈরির পরিকল্পনা মালদা শহরে

**মালদাঃ** শহরকে তীব্র যানজটের সমস্যা থেকে মুক্ত করতে এবার নির্দিষ্ট পার্কিংজোন তৈরির পরিকল্পনা নেওয়া হচ্ছে। শহরের যেখানে সেখানে আর রাস্তার ওপরে গাড়ি দাঁড় করিয়ে রাখার কারণে অনেকক্ষেত্রেই অবাঞ্ছিত যানজট তৈরি হচ্ছে বলে নজরে এসেছে প্রশাসনের। এই প্রবণতা রুখতেই নির্দিষ্ট জায়গায় পার্কিংজোন তৈরির প্রাথমিক পরিকল্পনা ছকে ফেলা হয়েছে। একইসঙ্গে জেলা ট্র্যাফিক পুলিস, পুরসভা ও অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় রেখেই ইংলিশবাজার শহরকে যানজট মুক্ত করার এই উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানা গিয়েছে। ইতিমধ্যে ইংরেজবাজার পৌরসভার সাথে জেলা পুলিশের একটি আলোচনাও হয়ে গেছে। পার্কিং ব্যবস্থা খতিয়ে দেখার জন্য বিশেষ নজরদারি পৌরকর্মী সহ জেলা পুলিশ প্রশাসনের অফিসাররাও বিষয়টি দেখবে।

# শিলিগুড়ি দুয়ারে সরকার কর্মসূচিতে স্বচ্ছতা বজায় রাখতে তৎপর গৌতম দেব




**শিলিগুড়িঃ** দুয়ারে সরকার কর্মসূচির বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা নিতে উপচে পড়া ভীড় শিলিগুড়ির ক্যাম্প গুলিতে। লক্ষীর ভান্ডারের ফর্ম পূরণ করা থেকে শুরু করে সমস্ত প্রকল্পের সুবিধা শিলিগুড়ির বাসিন্দাদের যাতে কোন অসুবিধা না হয় সেটি সুনিশ্চিত করতে ক্যাম্প গুলি ঘুরে দেখছেন শিলিগুড়ি পুর নিগমের প্রশাসক মন্ডলীর চেয়ারম্যান গৌতম দেব। দুয়ারে সরকার ক্যাম্পে ফর্ম ফিলাপকে কেন্দ্র করে নানান দুর্নীতির অভিযোগ উঠে আসছিল। ক্যাম্পে যাতে কোন দুর্নীতির অভিযোগ না ওঠে সেজন্যই পরিদর্শন বলে জানান তিনি।

ইতি মধ্যে সংবাদ মাধ্যমের খবরের জেরে প্রশাসন বেশ কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থাও নিয়েছে। কর্মসূচি অনুযায়ী ১৯ আগস্ট শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৪১ নম্বর ওয়ার্ডের শিবমঙ্গল স্কুলে পরিদর্শনে যান প্রশাসক মন্ডলীর চেয়ারম্যান গৌতম দেব। সেখানেই এক যুবককে ফর্ম ফিলাপের পরিবর্তে সে টাকা নেওয়ার অভিযোগে হাতেনাতে ধরেন গৌতম দেব।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ সরকারের সামাজিক সুরক্ষা প্রকল্প সমূহের সুবিধা গুলো বাসিন্দাদের দোরগোড়ায় পৌঁছে দিতে শিলিগুড়ি পুর নিগম এলাকার বিভিন্ন স্থানে গত ১৬ আগস্ট থেকে শুরু হয়েছে দুয়ারে সরকার যা আগামী ১৭ সেপ্টেম্বর পর্যন্ত চলবে।

# কোচবিহারে পশ্চিমবঙ্গ রাজবংশী উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষদেও ধর্ণা




**কোচবিহারঃ** দীর্ঘদিন থেকে চলে আসা স্কুল গুলোকে বাদ দিয়ে নতুন করে খোলা রাজবংশী ভাষার প্রাথমিক স্কুল গুলোকে সরকারি ভাবে নথিভুক্ত করা হচ্ছে বলে অভিযোগ তুলে ২৪ আগস্ট থেকে ধর্না অবস্থানে বসেছিল পশ্চিমবঙ্গ রাজবংশী উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষদ। তবে এই বিষয়ে তাদের কোনো দাবি সেভাবে কার্যকর হয়নি। এরপর তারা ২৫ আগস্ট আবারও ধর্নায় বসেন। সেদিন কোচবিহার রাজবংশী একাডেমীর চেয়ারম্যান বংশী বদন বর্মনের সাথে রাজবংশী উন্নয়ন ও সাংস্কৃতিক পরিষদের চার সদস্যের এক প্রতিনিধি দল দীর্ঘক্ষন আলোচনা করে।

যে সমস্ত স্কুল গুলিকে স্বীকৃতি দেওয়া হয়েছে, তাদের থেকেও আরও বেশি সংখ্যায় রাজবংশী ভাষার স্কুল কোচবিহার চলছে। যেগুলিকে সেভাবে স্বীকৃতি দেওয়া হয়নি বলে অভিযোগ করে রাজবংশী উন্নয়ন ও সাংস্কৃতিক পদের সদস্যরা। তবে এই স্বীকৃতি সরকারি ভাবে দেওয়া হয়েছে। কোন স্কুল পুরনো বা কোন স্কুল নতুন সে বিষয়ে কোনো রকম ভাবে দেখা হয়নি বলেও অভিযোগ করেন তারা। এই বিষয়ে কোচবিহার জেলার রাজবংশী ভাষা একাডেমীর চেয়ারম্যান বংশী বদন বর্মন বলেন, “প্রাথমিক স্কুল গুলিকে নিয়ে উনারা যে অভিযোগ আনছেন তা আমি কিছুই জানিনা। উনারা যে অভিযোগ তুলছেন তা কোনোভাবেই গৃহীত নয়। কারন স্কুল পরিদর্শন করেছে সরকারী আধিকারিকরা। তারা যে অভিযোগ আনছেন তা ভিত্তিহীন। সরকার নতুন বা পুরোনো দেখে স্কুল দেয়নি। তারা যে সিদ্ধান্ত নেবেন তা মেনে নেওয়া যায় না। সরকার যেভাবে সিদ্ধান্ত নেবে সেটাই গ্রহন যোগ্যতা পাবে”।

# মালদা জেলাশাসকের দপ্তরের সামনে টেট উত্তীর্ণদের মিছিল




**মালদাঃ** পশ্চিমবঙ্গ প্রাথমিকে টেট উত্তীর্ণরা নিয়োগ না পেয়ে খেলা হবে শ্লোগান দিয়ে মাহদা জেলাশাসকের দপ্তরের সামনে মিছিল করে। তাঁরা জানান যে, যে সব প্রার্থীরা ২০14 সালে প্রাথমিকে চাকুরীর জন্য পরীক্ষা দেন এবং ২০২০ সালের ফেব্রুয়ারী মাসে টেট উত্তর্ণীর ফল জানতে পায় তবে এরপরেও তাদর নিয়োগপত্র দেওয়া হচ্ছে না। বার বার জেলা শিক্ষা দপ্তরে ধর্ণা বিক্ষোভ দেখিয়েও কোন কাজ হচ্ছে না। ফলে বাধ্য হয়ে এদিন খেলা হবে শ্লোগান দিয়ে জেলা শাসকের দপ্তর ঘেরাও কওে। বার বার জেলা শিক্ষা দপ্তরে জানিয়েও কোন কাজ হয়নি। সেই কারনে এদিন শহরে ব্যানার প্লাকার্ড নিয়ে মিছিল করে জেলা প্রশাসনিক ভবনে এসে বিক্ষোভ শুরু করেন। তাদের দাবি ২০২০ সালে ১১ নভেম্বর নিয়োগের কথা বললেও নিয়োগ করছে না রাজ্য প্রাথমিক শিক্ষা সংসদের সভাপতি মানিক ভট্টাচার্য। অথচ তিনি রাজনৈতিক মঞ্চে ভুল তথ্য তুলছেন। মুখ্যমন্ত্রীকে মিথ্যাবাদী তকমা দিতে চাইছেন। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে আমরা নিয়োগের দাবিতে খেলা হবে শ্লোগান দিয়ে বিক্ষোভ দেখায় প্রশাসনিক ভবনে।

জেলা শিক্ষক নিয়োগ কমিটির সদস্য তারক নাথ সাহা বলেন, আমরা ২০14 সালের টেট উত্তর্ণী প্রার্থী। নবান্ন থেকে মুখ্যমন্ত্রী ঘোষনা করেছিল ২০ হাজার টেট উত্তর্ণী রয়েছে। তাদের মধ্যে ১৫ হাজার ৫১৬ জনকে নিয়োগ করা হবে, এরপরেও তা হয় নি। তাই এদিন আমরা খেলা হবে শ্লোগান দিয়ে জেলা শাসককে ডেপুটেশন দিয়েছি। এটা কোন রাজনৈতিক স্লোগান নয়। এই খেলা মানিক ভট্টাচার্যের ভুল তথ্য ও নিয়োগের পক্ষে স্লোগান। অবিলম্বে নিয়োগের ব্যবস্থা করতে হবে। না হলে বৃহত্তর আন্দোলন হবে।

# তৃণমূলের ‘বঙ্গজননী’তে যোগ দিচ্ছেন শিখা মিত্র



**কলকাতা:** অনেকদিন ধরেই মাথাচাড়া দিয়েছিলো প্রয়াত প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রর স্ত্রী তথা তৃণমূলের প্রাক্তন বিধায়ক শিখা মিত্রের ফের তৃণমূলে ফেরার জল্পনা। বিধানসভা ভোটের আগে থেকেই শোনা যাচ্ছিলো রাজ্যের শাসক দলে যোগ দিতে চলেছেন শিখা মিত্র। জানা গিয়েছে, ইতিমধ্যেই শিখা মিত্রের সঙ্গে দেখা করেছেন সাংসদ মালা রায়। তাঁদের মধ্যে দীর্ঘ আলোচনাও হয়েছে।

উল্লেখ্য, কিছু দিন আগেই প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীকে কড়া চিঠি লিখে কংগ্রেস থেকে পদত্যাগ করেছেন সোমেন পুত্র রোহন মিত্র। শিখা মিত্রকে ফোন করেছিলেন খোদ তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। স্থির হয়েছে আগামী সপ্তাহেই শিখা দেবী তৃণমূলের শাখা সংগঠন ‘বঙ্গজননী’তে যোগ দেবেন, অর্থাৎ ফের তৃণমূলেই ফিরছেন তিনি। যা বঙ্গ রাজনীতিতে নিশ্চিত ভাবেই তাৎপর্যপূর্ণ।

গত মাসে মুকুল রায়ের সঙ্গে শিখা মিত্রের কথা হয়েছে বলেও জানা গিয়েছে। যদিও শিখার ঘনিষ্ঠ মহলের দাবি, মুকুল রায়ের স্ত্রী কৃষ্ণাদেবীর প্রয়াণের পর এটা ছিল সৌজন্যমূলক ফোন। তবে রাজনৈতিক বিশ্লেষকদের মতে বিধানসভা নির্বাচনে বিজেপির সম্ভাব্য প্রার্থী তালিকায় নাম ছিল শিখা মিত্রের। চৌরঙ্গী বিধানসভা কেন্দ্র থেকে তাঁকে টিকিট দেওয়ার কথাও ভেবেছিল বিজেপি। কিন্তু বিজেপির বিরুদ্ধে অভিযোগ এনে প্রার্থী পদ থেকে সরে দাঁড়ান শিখা মিত্র। অনেকেই মনে করেন, তৃণমূলের প্রতি কিছুটা হলেও নরম তিনি। প্রসঙ্গত, শিখা মিত্র ও রোহন মিত্রকে বিজেপিতে আনার যথেষ্ট চেষ্টা করেছিলেন শুভেন্দু অধিকারী। কিন্তু শিখা মিত্র তৃণমূলে যোগ দিলে ব্যর্থ হবে সেই প্রচেষ্টা।

# পুরসভার নতুন প্রশাসক বোর্ডের শপথগ্রহণ হল জলপাইগুড়িতে



**জলপাইগুড়িঃ** ২৪ অগাস্ট জলপাইগুড়ি পুরসভার নতুন প্রশাসক বোর্ডের শপথ গ্রহণ হল। কমিটিতে চেয়ারপার্সন সহ মোট ১১ জনের সদস্য সদস্যা রয়েছেন। এদিন পুর আধিকারিকদের উপস্থিতে পুরসভার প্রশাসক মণ্ডলীর সকল সদস্য সদস্যাদের উত্তরীয় পড়িয়ে সংবর্ধনা দেওয়া হয়। এরপর সকলকে নিজেদের কাজ বুঝিয়ে দেন পুর আধিকারিকরা। পুরসভার দ্বিতীয় বারের জন্য চেয়ারপার্সন হলেন পাপিয়া পাল, ভাইস চেয়ারপার্সন সন্দীপ মাহাতো ও সৈকত চ্যাটার্জী অন্যদিকে সদস্য ও সদস্যারা হলেন দুর্গা রায়, সঙ্গীতা ব্যানার্জি, নিপু সাহা, মালা ভৌমিক, বিশ্বজিৎ সরকার। অন্যদিকে নিলম শর্মা, দেবল দত্ত ও বিকাশ মালাকারকে সংবর্ধনা দেওয়া হয়। চেয়ারপার্সেন পাপিয়া পাল বলেন, করোনা মোকাবিলার পাশাপাশি সব ওয়ার্ডের উন্নয়ন মূলক কাজ করতে হবে।


# বঙ্গভঙ্গের বিরুদ্ধে পথে নামলো নমশূদ্র বিকাশ পরিষদ




**আলিপুরদুয়ারঃ** এবার বঙ্গভঙ্গের বিরুদ্ধে পথে নামল সারা ভারত নমশূদ্র বিকাশ পরিষদ। ২৫ই আগস্ট আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের সাধন চৌপতি এলাকায় এক অবস্থান বিক্ষোভ সমাবেশের আয়োজন করে সারা ভারত নমশূদ্র বিকাশ পরিষদ। ওই অনুষ্ঠানে তারা জাতীয় পতাকা ও পরিষদের পতাকা উত্তোলন করে শপথ নেয় বঙ্গভঙ্গের বিরুদ্ধে প্রয়োজনে তারা পথে বৃহত্তর আন্দোলনে নামবে।

বিধানসভা ভোটের ফলের পর বিজেপি সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী জন বারলা উত্তরবঙ্গ কে আলাদা রাজ্য বা কেন্দ্র শাসিত অঞ্চল করবার দাবি তুলেছে। যদিও রাজ্যের মুখ্যমন্ত্রী স্পষ্ট বলে দিয়েছেন, উত্তরবঙ্গ রাজ্যের অবিচ্ছেদ্য অংশ। উত্তরের উন্নয়নে তার সরকার প্রতিনিয়ত কাজ চলছে। এই বিষয়ে নমশূদ্র ওয়েল ফেয়ার বোর্ডের সদস্য ভজহারি রায় বলেন, "আমরা বাংলা ভাগ হতে দেব না, জাতি ধর্ম নির্বিশেষে আমরা সবাই একত্রে শান্তিতে থাকতে চাই। তাই আমরা বঙ্গভঙ্গের দাবির বিরুদ্ধে পথে নেমেছি"। তৃণমূলের কুমারগ্রাম ব্লক সভাপতি ধীরেশ রায় বলেন, যেহেতু ওনারা বঙ্গভঙ্গের বিরুদ্ধে পথে নেমেছেন তাই আমরা ওনাদের পাশে দাঁড়িয়েছি। ওই সভায় উপস্থিত ছিলেন জেলা তৃণমূলের চেয়ারম্যান মৃদুল গোস্বামী, ব্লক সভাপতি ধীরেশ রায়, মিহির নার্জিনারী সহ অনেকে।

## প্রয়াত রোলিং স্টোনের ড্রামার চার্লি ওয়াটস



প্রয়াত জনপ্রিয় রক অ্যান্ রোল ব্যান্ড 'রোলিং স্টোনের' ড্রামার চার্লি ওয়াটস। ব্যান্ডের তরফে এক বিবৃতিতে জানানো জানিয়েছে, 'অত্যন্ত বেদনার সঙ্গে জানাচ্ছি, আমাদের প্রিয় ড্রামার আর আমাদের মধ্যে নেই'। ২৩ আগস্ট মঙ্গলবার হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি।

চার্লি বেশ কিছুদিন থেকেই বয়সজনিত অসুস্থতায় ভুগছিলেন । জুন মাসেই পালিত হয়েছিল তাঁর ৮০তম জন্মদিন। ষাটের দশকের ওয়ার্ল্ড মিউজিকে ঝড় তুলেছিল চার্লির ব্যান্ড রোলিং স্টোন। তাঁর কিছু বিখ্যাত গানের মধ্যে রয়েছে 'জাম্পিং জ্যাক ফ্ল্যাশ' এবং 'অ্যাই ক্যান্ট গেট নো স্যাটিসফ্যাকশন'। সম্প্রতি বেশ কয়েকবার তাঁর অসুস্থতার খবরও এসেছিল সংবাদ মাধ্যমে। তখন তিনি জানিয়েছিলেন, মার্কিন মুলুকে রোলিং স্টোনের স্টেজ শো তিনি খুব 'মিস' করেন।

রোলিং স্টোনের বিবৃতিতে চার্লির সম্পর্কে বলা হয়েছে, 'চার্লি একজন নিষ্ঠাবান মানুষ ছিলেন। স্বামী, বাবা এবং ঠাকুরদা হিসেবে নিজের কর্তব্য আজীবন পালন করে গিয়েছেন। শুধু রোলিং স্টোনেরই নয় গোটা জেনারেশনের একজন জনপ্রিয় ড্রামার ছিলেন চার্লি।

## ডিসেম্বরেই মুক্তি পাবে 'স্পাইডার ম্যান: নো ওয়ে হোম'

মঙ্গলবার ইউটিউব-এ মুক্তি পেল মার্ভেল এন্টারটেইনমেন্ট ও সোনি যৌথ ভাবে নির্মিত বিখ্যাত চলচ্চিত্র 'স্পাইডার ম্যান: নো ওয়ে হোম' মুভির অফিসিয়াল টিজার ট্রেলার। মুক্তি পাওয়ার পরই সিনেমা প্রেমিদের মধ্যে এই ট্রেলারটি হইচই তৈরি করে দিয়েছে। ৩.০৪ সেকেন্ডের এই টিজার ট্রেলারে কাহিনীর মূল চরিত্র পিটার পার্কার, মেরি জেন ওয়াটসন, ডক্টর স্ট্রেঞ্জ, সিনিস্টার সিক্স-এর চরিত্র গুলিকে দেখা গেছে। স্পাইডার ম্যান সিরিজের শেষ ছবি 'স্পাইডার ম্যান: ফার ফ্রম হোম' এর পরের ঘটনাবলিই দেখানো হবে স্পাইডার ম্যান: নো ওয়ে হোম ছবিতে।

ট্রেলারে দেখানো হয়েছে স্পাইডার ম্যানের আসল পরিচয় ফাঁস হয়ে গেছে এর ফলে শুরু হয়েছে অনেক বিপদ, তাঁর বান্ধবী তাঁকে সান্ত্বনা দেওয়ার চেষ্টা করছে। কিন্তু নিজেকে শান্ত করতে পারছে না পিটার। এর ফলে সে শরণাপন্ন হয় 'অ্যাভেঞ্জার্স' টিমের সদস্য ডঃ স্ট্রেঞ্জের। ডঃ স্ট্রেঞ্জ পিটারের সাহায্য করার জন্য একটি 'স্পেল' ব্যবহার করে এবং এর থেকেই শুরু হয় 'মাল্টিভার্স' এর নানান ঘটনা। ডঃ অক্টোভিয়াস, ইলেক্ট্রো সহ আরও স্পাইডার ম্যানের পুরনো ভিলেনদেরও দেখা যাবে এই ছবিতে।

সব কিছু ঠিক থাকলে ২০২১-এর ১৭-ই ডিসেম্বর মুক্তি পাবে স্পাইডার ম্যান: নো ওয়ে হোম ছবিটি। তবে ভারতে কবে মুক্তি পাবে তা এখনও পুরোপুরি জানা যায়নি।

# ক্যান্সার আক্রান্ত বলিউড অভিনেতা মহেশ মাঞ্জরেকর

গুরুতর অসুস্থ বলিউডের পরিচালক, অভিনেতা ও চিত্রনাট্যকার মহেশ মাঞ্জরেকর। আবারও ক্যানসারের থাবা বসেছে অভিনেতার জীবনে। তিনি ইউরিনারি ব্লাডার ক্যানসারে আক্রান্ত। একমাস আগে মহেশ মাঞ্জরেকরের শরীরে ক্যান্সার ধরা পড়ে। এরপর মুম্বাইয়ের একটি বেসরকারি হাসপাতালে তাকে ভর্তি করা হয়। চিকিৎসকের পরামর্শে দশ দিন আগে তাঁর সফল অস্ত্রোপচার হয়। বর্তমানে বাড়িতে বিশ্রামে রয়েছেন তিনি। সংবাদমাধ্যমকে মহেশ মাঞ্জরেকর বলেন, 'ভালোভাবে আমার অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে। আমি ধীরে ধীরে সুস্থ



হয়ে উঠছি।' এছাড়া তার শারীরিক অবস্থা এখন স্থিতিশীল বলেও জানিয়েছেন 'সাহো'খ্যাত এই অভিনেতা।

১৯৯২ সালে মরাঠি ছবি 'জীবন সখা' দিয়ে অভিনয় জগতে ডেবিউ করেন মহেশ মাঞ্জরেকর। প্ল্যান, জিন্দা, মুসাফির, দশ কাহানিয়া সহ একাধিক ছবিতে অভিনয় করেছেন তিনি। তাঁর সুনিপুন অভিনয় মন জয় করেছে দর্শকদের। শুধু অভিনেতা হিসেবে নয় পরিচালক হিসেবে যথেষ্ট খ্যাতি অর্জন করেছেন তিনি। তাঁর পরিচালিত উল্লেখযোগ্য ছবিগুলি হল নিদান, বাস্তব, বিরুদ্ধ, আই প্রমুখ।

মুক্তির অপেক্ষায় রয়েছে পরিচালক মহেশ মাঞ্জরেকরের আগামী ছবি 'অন্তিম: দ্য ফাইনাল ট্রুথ'। ইতিমধ্যে ছবি শ্যুটিং শেষ। অক্টোবরে ছবি মুক্তির কথা ছিল। কিন্তু জানা গিয়েছে অনির্দিষ্ট কালের জন্য তা পিছিয়ে গিয়েছে। করোনার কারণে প্রেক্ষাগৃহ বন্ধ থাকা, সিনেমা হলে গিয়ে দর্শকদের ছবি দেখতে না-চাওয়াই এর প্রধান কারণ। মার্চেই শেষে কথা ছিল ছবির পোস্টার রিলিজের। তারপর মে মাস নাগাদ সামনে আসত টিজার অথবা ট্রেলার। কিন্তু মহেশ-সহ ছবির প্রযোজকরা নিশ্চিত নন, অক্টোবরে আদৌ দেশের সমস্ত জায়গায় পেক্ষাগৃহ খুলবে কি না। তাই ছবির মুক্তি পিছিয়ে দেওয়ার ব্যাপারেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই মুহূর্তে তিনি আশা করছেন খুব শিগগিরিই স্বাভাবিক জীবনে ফিরবেন।

## ভারতকেই 'প্রকৃত বন্ধু' বললেন আফগান পপ তারকা




আফগানিস্তানে তালিবানি অভ্যুত্থানের পিছনে পাকিস্তানকেই দুষলেন আফগান পপ তারকা আরিয়ানা সঈদ। আরিয়ানা আফগানিস্তানের প্রথম মহিলা পপ তারকা হিসেবে পরিচিত। অচলায়তন ভেঙে আফগানিস্তানে প্রকাশ্য স্টেডিয়ামে গান গেয়েছিলেন তিনি। সঙ্গে বলেছেন ভারতই আফগানিস্তানের 'প্রকৃত বন্ধু'।

সম্প্রতি সংবাদ মাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে আরিয়ানা সঈদ বলেন, ''আমি এজন্য পাকিস্তানকেই দোষারোপ করি। বছরের পর বছর ধরে আমরা বিভিন্ন ভিডিও দেখেছি, প্রমাণও পেয়েছি যে পাকিস্তান তালিবানদের ক্ষমতায়নের পিছনে রয়েছে। আমাদের দেশের সরকার যখনই কোনও তালিবানের পরিচয় খতিয়ে দেখেছে, তখনই দেখা গেছে ওই ব্যক্তি একজন পাকিস্তানি। এজন্য আমি পাকিস্তানকেই দোষ দেব।" তিনি আরও বলেন বলেন, "ভারত সবসময়ই আমাদের ভালোর জন্য ছিল। ভারত আফগানদের প্রকৃত বন্ধু"।

আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলিকে আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠার জন্য আহ্বান জানিয়েছেন আরিয়ানা। আফগানিস্তানে তালিবানি অভ্যুত্থানের পর কিছুদিন আগেই দেশ ছেড়েছেন জনপ্রিয় আফগান পপ তারকা .আপাতত তিনি ইস্তানবুলে রয়েছেন। এর আগে দীর্ঘ ২০ বছর ধরে আফগান মহিলাদের হয়ে নারী স্বাধীনতার জন্য যাঁরা সুর চড়িয়েছিলেন, ২০১৫ সালে ট্যাবু ভেঙে হিজাব না পরে স্টেডিয়ামে গান গেয়েছিলেন । তবে তালিবান ক্ষমতায় আসার পর ওই সবই নিষিদ্ধ।


## ইশানের জন্ম দিল নুসরত



২৬ আগস্ট পুত্র সন্তানের জন্ম দিয়েছেন অভিনেত্রী তথা সাংসদ নুসরত জাহান। নব জাতক পুত্র সন্তানের নাম রাখলেন ইশান। বর্তমানে মা ও সন্তান দুই জনেই সুস্থ রয়েছে। কলকাতার একটি বেসরকারী হাসপাতালে অভিনেত্রীর সব সময় খেয়াল রাখছেন অভিনেতা যশ দাশগুপ্ত। মায়ের পরিচয়ে সন্তানকে বড় করার সিদ্ধান্ত নিয়েছেন অভিনেত্রী। পুত্র সন্তান জন্ম দেওয়ার জন্য অভিনেত্রীকে শুভেচ্ছা জানিয়েছে অনেকেই।

হাসপাতাল সুত্রে জানা গেছে, ২৬ আগস্ট বেলা ১২টা ৪৫ নাগাদ পার্ক স্ট্রিটের এক বেসরকারি হাসপাতালে ছেলের জন্ম দিয়েছেন নুসরত। জন্মের পর শিশুর ওজন ছিল ২.৯ কেজি। নুসরত নাম রেখেছেন ঈশান।সন্তানকে দুধ খাওয়াচ্ছে নুসরত। নিজের কাছে রেখে যত্ন করছে পুত্রের।

## পথশিল্পী ভগবান মালির প্রতি কলকাতার তরুণ শিল্পীদের শ্রদ্ধাজ্ঞাপন




কোভিড-১৯ এর করণে এক ভয়ঙ্কর অন্ধকারময় সময়ের মধ্যে শিল্পী ও তাদের শিল্পকলার। এতে একদিকে যেমন তাদের রুজিরোজগারে টান পড়েছে তেমনি অপরদিকে তাদের শিল্প চর্চায়ও ভীষণ ভাবে ব্যহত হচ্ছে। এরকমই একজন শিল্পী, ভগবান মালি, কলকাতার একজন সুপরিচিত বেহালা বাদক। তিনি কোন প্লেব্যাক শিল্পী নন, কলকাতার রাস্তায় অসাধারণ বেহালা বাজিয়ে তিনি লোকের মন জয় করেন।

কলকাতার তরুণ প্রতিভাবান সঙ্গীতশিল্পীদের একটি দল- প্রাজ্ঞ দত্ত, গৌরব সরকার এবং দিব্যেন্দু বন্দোপাধ্যায় তাঁর প্রতিভায় মুগ্ধ হয়ে তাঁর পাশে এসে দাঁড়িয়েছে, টাকাপয়সা দিয়ে নয়, তবে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে কলকাতার তরুণ শিল্পীরা 'বেহালা বাজান' শিরোনামে একটি গান বের করেছে। গৌরব সরকারের গলায় গানটি কম্পোজ করেছেন প্রাজ্ঞ দত্ত এবং লিখেছেন দিবেন্দু বন্দোপাধ্যায়। গানটিতে ভগবান মালি, যার জন্য গানটি তৈরি তিনিও রয়েছেন। সাধারণ রাস্তার একজন মিউজিশিয়ান ভগবান মালির জন্য তরুণ শিল্পীদের দলটি যা করেছে তা আজকের যুব সমাজের কাছে এক বিরাট উদাহরণ।

সম্প্রতি 'বেহালা বাজান' এই গানটি YouTube-এ বেশ জনপ্রিয়তা লাভ করেছে। গৌরব সরকার জানান, এটা নিছকই শুধু একটি গান নয়। শিল্পী ভগবান মালির মত শহর জুড়ে এরকম অনেক প্রতিভা আছে যারা তাদের শিল্প কলার মাধ্যমে জীবিকা নির্বাহ করেন। তাদের জীবনসংগ্রাম এবং প্রতিভার প্রতি সম্মান জানাতেই আমাদের এই প্রচেষ্টা। এই গানের মাধ্যমে তাঁদের জীবনসংগ্রাম তুলে ধরা হয়েছে। যা আজকের দিনে অত্যন্ত জুরুরী। কারণ আজ পর্যন্ত শুধুমাত্র সফল শিল্পীদের কথাই সর্বত্র প্রচারিত হয়েছে।

কম্পোজার ও গায়ক প্রাজ্ঞ দত্ত জানান, শিল্পী ভগবান মালির মত রাস্তার শিল্পীরা বরাবরই প্রচারের অভাবে হারিয়ে গেছে। তাই 'বেহালা বাজান' এই অ্যালবামটির মাধ্যমে আমরা শিল্পী ভগবান মালিকে যথাযোগ্য সম্মান দেওযার চেষ্টা করেছি যাতে তিনি তাঁর শিল্প প্রতিভার বিকাশ ঘটে। আশা করি সাংস্কৃতিক জগতে তাঁর প্রতিভা মর্যাদা পাবে।

## শ্যুটিং শেষ এসএস রাজামৌলীর নতুন ছবির

এসএস রাজামৌলীর নতুন প্রোজেক্ট রাইস রোর রিভোল্ট বা সংক্ষেপে আরআরআর ছবিটির শ্যুটিং শেষ হল ২৫ আগস্ট। আরআরআর-এর অফিসিয়াল টুইটার হ্যান্ডেলের মাধ্যমে এই খবর শেয়ারের করেছে এসএস রাজামৌলী। এখন ফিল্মের পোস্ট-প্রোডাকশনের কাজ জোর গতিতে চলছে। তেলুগু ভাষার এই ছবিটিতে বিংশ শতাব্দীর দু'জন স্বাধীনতা সংগ্রামীর কাল্পনিক গল্প তুলে ধরা হয়েছে।

ছবিটিতে রয়েছে রাম চরণ যাকে দেখা যাবে আল্লুরি সীতারামা রাজুর



চরিত্রে এবং এনটি রামা রাও জুনিয়ার যাকে দেখা যাবে কুমারম ভীমের চরিত্রে। এই ছবিতে গুরুত্বপূর্ণ ভূমিকায় দেখা যাবে অজয় দেবগণ ও আলিয়া ভাটকেও। ২৫ আগস্ট বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় আরআরআর-এর অফিসিয়াল টুইটার হ্যান্ডেলে লেখা হয়, "এ বার শেষ হল! কয়েকটি ছোটখাট শট ছাড়া আরআরআর মুভির শ্যুটিং শেষ হয়েছে"।

২০১৮ সালে আরআরআর-এর শুটিং শুরু হয়েছিল। কোভিড-১৯ এর কারনে ২০২০-থেমে যায় শ্যুটিং। সংক্রমণ কিছুটা কমলে চলতি বছর ২১ জুন থেকে আবার শুরু হয় আরআরআর-এর শ্যুটিং। ১৩ অক্টোবর ছবিটি মুক্তি পাওয়ার কথা।

# নিয়মের আবমাননা করায় এয়ারপোর্টে সলমন খানকে আটকে দিলেন সিআইএসএফ-এর জওয়ান

২১ আগস্ট মুম্বই বিমানবন্দরে সলমন খানকে আটকে ছিলেন সোমনাথ মোহান্তি নামের এক সিআইএসএফ জওয়ান। কিন্তু ঘটনার কয়েকদিন কাটতে না কাটতেই সেই ঘটনা নিয়ে তোলপাড় শুরু হয় । 'টাইগার ৩'র শুটিং এর জন্য রাশিয়া যাচ্ছিলেন সলমন। যাওয়ার আগে মুম্বই বিমানবন্দরে ঘটে এই ঘটনা। সলমনের রাশিয়ায় রওনা দেওয়ার খবর প্রকাশ্যে আসতেই বিমানবন্দরে ভিড় জমিয়েছিলেন ফটোগ্রাফাররা। তাঁদের ক্যামেরার সামনে সলমন পোজ



দিচ্ছিলেন। সম্ভবত সেই কারনে বিমানবন্দরে ঢোকার নিরাপত্তাবিধি ঠিকমতো পালন করতেই ভুলে যাচ্ছিলেন তিনি। এই ঘটনা চোখে পড়লে দায়িত্বে থাকা সিআইএসএফ অফিসার তাকে গেটে দাঁড় করান। তিনি সরাসরি সলমনকে বলেন, আগে নিয়ম মানুন, তারপর এসব হবে।

এই ঘটনার ভিডিও সঙ্গে সঙ্গেই ইন্টারনেটে ভাইরাল হয়ে যায়। তাঁর পরই সোমনাথ মোহান্তির প্রশংসায় ভরে ওঠে গনমাধ্যমগুলি। সিনেমার নায়ক বলে যে সলমন নিয়মের ঊর্ধ্বে নয়, তা স্পষ্টই বুঝিয়ে দিলেন এই সিআইএসএফ অফিসার। এর পরেই আবার সংবাদ মাধ্যমে খবর এসেছিল যে, সেই সিআইএসএফ অফিসারের মোবাইল ফোনটি বাজেয়াপ্ত করা হয়েছে। যাতে তিনি সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে না পারেন। তবে পরে সিআইএসএফ-এর তরফ থেকে সংবাদ মাধ্যমে জানানো হয়েছে যে মোবাইল ফোন বাজেয়াপ্ত করার কথা ভিত্তিহীন, বরং সিআইএসএফ সোমনাথ মোহান্তিকে তাঁর কাজ ঠিক মত করার জন্য পুরস্কৃত করা হয়েছে।

## আয়কর রিটার্ন জমা করার পোর্টাল নিয়ে ইনফোসিসের সিইওকে তলব কেন্দ্রের

আয়কর রিটার্ন জমা দেওয়ার প্রক্রিয়া আরও সহজ করতে এবছর ৭ জুন নতুন পোর্টাল চালু করা হয়েছে। কিন্তু পোর্টাল চালু হওয়ার পর কয়েক মাস ধরেই নাজেহাল গ্রাহকরা। পোর্টালটি সমস্যা নিয়ে গত কয়েক মাস ধরে বহু অভিযোগ রয়েছে। অনেকেই বলছেন, পোর্টালটি খুবই ধীর, প্রোফাইল আপডেট বা পাসওয়ার্ড বদল করতে করতে গিয়ে প্রবল সমস্যা হচ্ছে।

পোর্টালটি তৈরি করার জন্য ২০১৯ সালের জানুয়ারিতে ইনফোসিসকে দায়িত্ব দেওয়া হয়েছিল। ইতিমধ্যেই একবার ইনফোসিসকে ওই সব সমস্যার কথা জানিয়েছিল দেশের অর্থ মন্ত্রক। এমনকি কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনও উদ্বেগ প্রকাশ করেছিলেন। এবার ইনফোসিসের সিইও সুনীল পারেখকে তলব করল অর্থ দফতর।

রবিবার অর্থমন্ত্রী নির্মলা সীতারমন এক টুইটে লিখেছেন, 'ইনফোসিসের সিইও ও এমডি সুনীল পারেখকে তলব করেছে অর্থ দফতর। পোর্টালটি লঞ্চ করার আড়াই মাস পরও কেন সমস্যা কাটেনি তার ব্যাখ্যা দিতে হবে ইনফোসিস কর্তাকে। উদ্বেগের বিষয় হল ২১ অগাস্টের পর থেকে আর পোর্টালটিতে বহু কাজ করা যাচ্ছে না।'

ওই পোর্টালটি তৈরি জন্য ইনফোসিসকে ১৬৪.৫ কোটি টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকার। পোর্টালটির কার্যকারিতা নিয়ে খুব বেশি অভিযোগ আসায় দুমাস আগেই ওইসব সমস্যা সমাধান করা জন্য ইনফোসিসকে বলা হয়। কিন্তু তার পরও ইনফোসিসের তরফে সঠিক কোনও সামধান না করায় কেন্দ্র এবার সরাসরি তবল করল।

## সরকারি কর্মচারীদের জন্য ৩১ শতাংশ ডিএ ঘোষণা কেন্দ্রের

এক ধাক্কায় কেন্দ্রীয় সরকারি




কর্মচারীদের ডিএ ৩ শতাংশ বাড়তে পারে। সূত্রের খবর, জুলাইয়ের পর এবার জুন মাসের ডিএ শীঘ্রই ছাড়তে চলেছে কেন্দ্রীয় সরকার। ২০২১-এর জুলাই মাসের ১ তারিখ থেকে ২৮ শতাংশ হারে ডিএ পাচ্ছেন কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা। এবার জুন মাসের ডিএ যোগ হলে এক ধাক্কায় বিরাট বেতন বৃদ্ধি হবে সরকারি কর্মচারীদের।

বর্তমানে কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা ২৮ শতাংশ ডিএ পাচ্ছেন। জুন মাসের অল ইন্ডিয়া কনজিউমার প্রাইস ইনডেক্স সূচক অনুযায়ী মনে করা হচ্ছে, তা এবার বেড়ে ৩১ শতাংশ হতে পারে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার শীঘ্রই অফিসিয়াল বিজ্ঞপ্তি জারি করতে পারে। সপ্তম বেতন কমিশন অনুযায়ী, কেন্দ্রীয় সরকারের লেভেল ওয়ান কর্মচারীদের বেতন কাঠামো ন্যুনতম ১৮ হাজার টাকা থেকে সর্বোচ্চ ৫৬ হাজার ৯০০ টাকার মধ্যে ধার্য করা হয়েছে। এর ওপর ৩১ শতাংশ ডিএ হলে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পাবে।

# আগামী সপ্তাহে ত্রিপুরা সফরে যেতে পারেন সাংসদ দেব

**কলকাতাঃ** তৃতীয়বার রাজ্যের মসনদে বসার পরই রাজ্যের শাসকদলের নজর এবার ত্রিপুরার ওপর। সেই উদ্দেশ্য মাথায় রেখেই উঠেপড়ে লেগেছে তৃণমূল। ইতিমধ্যেই ত্রিপুরায় ঘাসফুল শিবিরের প্রতিনিধি দল গিয়েছে। এবার ত্রিপুরা সফরে যেতে চলেছেন ঘাসফুল শিবিরের তারকা সাংসদ দেব। অভিনেতা সাংসদের ওপর বাড়তি দায়িত্ব দিতে চলেছে শাসক শিবির। যদিও সফরের দিনক্ষণ এখনও ধার্য্য হয়নি। এখনো পর্যন্ত যা জানা যাচ্ছে তা হল, আগামী সপ্তাহে ত্রিপুরা সফরে যেতে পারেন তৃণমূল কংগ্রেস সাংসদ দেব। জল্পনা এটাই যে ত্রিপুরা জয়ে তৃণমূলের সেনাপতির ভুমিকায় দেখা যেতে পারে অভিনেতা-



সাংসদ দেব'কে।

ত্রিপুরা প্রদেশ তৃণমূলের সভাপতি আশিসলাল সিংহ বলেন, "চলতি সপ্তাহেই আমাদের দলের অভিনেতা সাংসদ দেব আগরতলায় আসতে পারেন। তবে তাঁর কর্মসূচি এখনও স্থির হয়নি। তা স্থির হলেই সংবাদমাধ্যমকে জানাব।" আগেই তৃণমূলের যুব নেতা দেবাংশু ভট্টাচার্য থেকে শুরু করে সুদীপ রাহারা সেই রাজ্যে গিয়ে বিজেপির বিরুদ্ধে প্রতিবাদে সামিল হয়েছিল। পরবর্তীতে সেখানে দেখা যায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়, কুণাল ঘোষ, ব্রাত্য বসু, ডেরেক ও'ব্রায়েন সহ আরো অনেকেই। একুশের বঙ্গভোটে বিপুল জয়ের পরই জাতীয় রাজনীতিতে দলের গুরুত্ব বাড়াতে ঝাঁপিয়েছে তৃণমূল। সকলের লক্ষ্য, ত্রিপুরায় তৃণমূল সরকার গঠন।

প্রসঙ্গত, গত সপ্তাহেই অভিনেত্রী তথা যুব তৃণমূলের পশ্চিমবঙ্গ শাখার সভানেত্রী সায়নী ঘোষকেও পাঠানো হয়েছিল ত্রিপুরায়। তিনিও সেখানে গিয়ে বেশ কিছু দলীয় কর্মসূচিতে অংশ নিয়েছেন।

# হামিদ কারজাইকে গৃহবন্দি করল তালিবান

**কাবুলঃ** আফগানিস্তানের প্রাক্তন প্রেসিডেন্ট হামিদ কারজাইকে গৃহবন্দি করল তালিবান। রাশিয়ার সংবাদ মাধ্যম স্পুটনিক সূত্রে খবর, বুধবার আবদুল্লার বাড়িতে তল্লাশি চলে তালিবান জঙ্গিরা। তারপরই ২৬ আগস্ট আবদুল্লা আবদুল্লা এবং হামিদ কারজাইয়ের নিরাপত্তারক্ষীদের সরিয়ে দেয় তালিবান। শুধু তাই নয়, কাবুলে দুই নেতাকে গৃহবন্দি করা হয়েছে।

আগস্টের ১৫ তারিখ রাজধানী কাবুল দখল করার পর সকলকে সঙ্গে নিয়ে



সরকার গঠনের আশ্বাস দিয়েছিল তালিবান। তবে তালিবানের কথায় ও কাজে যে বিস্তর ফারাক রয়েছে সেটি তাঁরা নিজেরাই প্রমান করে দিল। তালিবান জানিয়েছে যে তাঁরা থাকবে ১২ সদস্যের একটি কাউন্সিল বা পরিষদ গঠন করবে। এই কাউন্সিলই আফগানিস্তানের শাসন কাজ চালাবে। মূলত তালিবানের শীর্ষ ধর্মীয় নেতাদের নিয়ে গঠিত হতে চলেছে সেই পরিষদ। সেই কাউন্সিলে জায়গা পাবেন হামিদ কারজাই ও আবদুল্লা আবদুল্লা। কাউন্সিলে থাকছে শীর্ষ তালিবান নেতা মোল্লা আবদুল ঘানি বরাদরও।

# ফের আকাশ থেকে ভেঙে পড়লো মিগ-২১ বাইসন বিমান

**নিউ দিল্লিঃ** ২৫ আগস্ট বুধবার সন্ধে সাড়ে পাঁচটা নাগাদ বারমেঢ়ের মাতাসার ভুরতিয়া গ্রামে ভেঙে পড়ে বায়ুসেনার এক মিগ-২১ বাইসন বিমান। বায়ু সেনার পক্ষ থেকে জানানো হয়েছে, মিগ-২১ বাইসন বিমানটি বায়ু সেনার ওয়েস্টার্ন সেক্টর থেকে ওড়ার পরই বিমানটিতে কিছু যান্ত্রিক ত্রুটি দেখা যায়। তাঁর পরই বিমানটি ভেঙেপড়ে একটি কুঁড়ে ঘরে। দুর্ঘটনাগ্রস্ত বিমান থেকে ইজেক্ট করে বেরিয়ে কোনওক্রমে বিমানের পাইলটি প্রাণে বাঁচে। তবে ওই দুর্ঘটনার ফলে সেই গ্রামের মানুষের কেউ আহত বা অন্য ক্ষতি হয়নি।

বিমান ভেঙেপড়ার খবর পেয়েই পুলিস ঘটনাস্থলে ছুটে গিয়ে পরিস্থিতি সামলে নেয়।



উল্লেখ্য, ২০২১ সালে মোট ৪ বার দুর্ঘটনায় পড়ল ভারতের মিগ-২১ বাইসন বিমান। তবুও ভারতীয় বায়ু সেনায় যুদ্ধ বিমানের অভাবে এখনও এই বিমান ব্যবহার করা হচ্ছে। এবছর জানুয়ারিতে রাজস্থানের সুরাটগড়ে দুর্ঘটনায় পড়ে আরও একটি মিগ ফাইটার জেট। মে মাসে পঞ্জাবে এক মিগ-২১ জেট দুর্ঘটনায় মৃত্যু হয় এক পাইলটের। মার্চ মাসে উড়ানের পরই ভেঙে পড়ে একটি মিগ-২১ বাইসন বিমান জেট। মারা যান এক গ্রুপ ক্যাপ্টেন।

# কলকাতা থেকে বিদায় নিল নন-এসি মেট্রো



**কলকাতাঃ** দীর্ঘ তিন দশক থেকে চলা কলকাতা মেট্রো থেকে বিদায় নিতে শুরু করলো নন এসি মেট্রোরেক। এবার থেকে কলকাতা মেট্রোর সমস্ত মেট্রো হবে এসি। কলকাতা মেট্রো রেলের জেনারেল ম্যানেজার এই কথা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করলেন। গোটা ভারতের মধ্যে একমাত্র কলকাতা মহানগরীতে দেখা যেত নন এসি রেক। এখন থেকে আর কান ফাটানো আওয়াজে মেট্রো চড়তে হবে না কলকাতাবাসীকে।

২০২০-এর মার্চে লকডাউনের পর থেকে আর যাত্রী পরিবহণ ব্যবহার করা হয়নি কোনও নন এসি রেক। প্রায় ১ বছর পর আনুষ্ঠানিকভাবে সেই রেকগুলিকে বিদায় জানাল কলকাতা মেট্রো। শেষবার নোয়াপাড়া দক্ষিণেশ্বর নবনির্মিত লাইন পরীক্ষা করতে ব্যবহার করা হয়েছিল নন এসি রেক। অবশেষে ১৪টি এসি রেক এসে পৌঁছনোয় নন এসি রেক ব্যবহার সম্পূর্ণ বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

উল্লেখ্য, ১৯৮৪ সালের ২৪ অক্টোবর যাত্রা শুরু করেছিল কলকাতার নন এসি মেট্রো রেক। প্রথম দফায় চেন্নাই থেকে এসেছিল ৯টি নন এসি রেক। নয়ের দশকে আরও ৯টি রেক চেন্নাই থেকে এসে পৌঁছয় কলকাতায়। তার পর থেকে কলকাতা ও শহরতলির লক্ষ লক্ষ যাত্রীকে অবিরাম পরিষেবা দিয়েছে রেকগুলি।

# বন্ধ রুটে বাস চালাতে উদ্যোগী এনবিএসটিসি

**কোচবিহারঃ** চেয়ারম্যান পদ পাওয়ার পর ২৩ আগস্ট সোমবার কোচবিহার ডিভিশন ও ডিপো অফিস পরিদর্শন করলেন এনবিএসটিসির সদ্য নিযুক্ত চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। সুনীতি রোডের ধারে কোচবিহার ডিভিশন অফিস ও ডিপোতে গিয়ে পাম্প-সহ বিভিন্ন ডিপার্টমেন্ট ঘুরে দেখে সেখানকার আধিকারিক-সহ কর্মীদের সঙ্গে কথা বলেন। পরিদর্শন শেষে জানান এনবিএসটিসির বন্ধ হয়ে থাকা রুট গুলিতে বাস চালাবে সংস্থাটি।

পার্থপ্রতিম রায় বলেন, "বন্ধ হয়ে থাকা বহু লাভজনক রুট আছে। সেই সব রুটে নতুন করে বাস চালানো হবে। ধীরে ধীরে সমস্ত ডিপো ঘুরে কোথায় কী ঘাটতি রয়েছে তার বিস্তারিত রিপোর্ট তৈরি করা হবে। পাশাপাশি কর্মসংস্থান বাড়ানো ও সংস্থার ফাঁকা জায়গাগুলো ব্যবহার করে কীভাবে সংস্থার আয় বাড়ানো যায় সেই উদ্যোগও নেওয়া হবে"।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার মোট চারটি ডিভিশন ও ২১টি ডিপো রয়েছে। ডিপোগুলি কী অবস্থায় রয়েছে, কর্মীরা কেমন কাজ করছেন, কোথায় কোথায় খামতি রয়েছে সেসব খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নিতেই বিভিন্ন জায়গাগুলি পরিদর্শন শুরু করলেন এনবিএসটিসি চেয়ারম্যান পার্থপ্রতিম রায়।

# রাজ্য সরকারের উদাসীনতার কারণে উত্তরবঙ্গে উন্নয়নের ছোঁয়া লাগেনি: নিশীথ প্রামাণিক

**মালদাঃ** মালদায় শহীদ সম্মান যাত্রায় অংশ নেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র এবং যুবক্রীড়া মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিক। ২৪ আগস্ট ভোরে পদাতিক এক্সপ্রেসে মালদায় আসেন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিক। দুপুরে শহীদ সম্মান যাত্রায় অংশ নেওয়ার আগে মালদা শহরের পুরাটুলি বাঁধরোড এলাকার বিজেপির জেলা কার্যালয়ে একটি সাংবাদিক বৈঠক করেন কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিক। সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন বিজেপির জেলা সভাপতি গোবিন্দ চন্দ্র মন্ডল, মালদা চারটি বিধানসভা কেন্দ্রের বিজেপি দলের বিধায়ক সহ অন্যান্য নেতাকর্মীরা।




এদিন সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক বলেন, উত্তরবঙ্গের মানুষের অনেক দিনের দাবী ছিল এইমস হাসপাতালের। যেটা উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জে হতে পারতো। কিন্তু রাজ্য সরকারের উদাসীনতার কারণে রায়গঞ্জে এইমস হাসপাতাল হয় নি। তিনি আরো বলেন, কলকাতায় একটি ফ্লাইওভার তৈরীর যা বাজেট, সেইরকমই বাজেট রয়েছে উত্তরবঙ্গের উন্নয়নের ক্ষেত্রে। কিন্তু দীর্ঘদিন ধরেই বর্তমান রাজ্য সরকারের উদাসীনতার কারণে উত্তরবঙ্গে উন্নয়নের ছোঁয়া লাগে নি। উত্তরবঙ্গে এখনো অনেক কিছু উন্নয়ন বাকি রয়েছে। যা পশ্চিমবঙ্গ সরকার করছে না। এর ফলে সাধারণ মানুষকেই দুর্ভোগের মুখে পড়তে হচ্ছে।

যদিও এদিন বাংলা ভাগের বিষয়টি নিয়ে মন্ত্রী সরাসরি কোন কথা না বলেই মানুষের আবেগকে সমর্থন জানিয়েছেন। রাজ্যের উপনির্বাচন এবং পুরো নির্বাচন প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক বলেন, রাজ্যে উপনির্বাচন কবে হবে সেটা ঠিক করবে নির্বাচন কমিশন। এই ব্যাপারে আমার মতামত দেওয়া ঠিক নয়। তবে রাজ্য সরকারের পুরনির্বাচন নিয়ে ভাবা উচিত। কারণ, এখন কোন পুরসভা বা কর্পোরেশনে জনপ্রতিনিধিরা নেই। পুর এলাকার সাধারণ নাগরিকরা নানান সমস্যায় পড়ছেন। তারা সমস্যার কথা সংশ্লিষ্ট এলাকার কাউন্সিলদের জানাতে পারছেন না। এই ব্যাপারে রাজ্য প্রশাসনের ভাবা উচিত।

নির্বাচন-পরবর্তী হিংসা প্রসঙ্গে এদিন কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক নির্বাচনের পরে এবং আগে বিজেপি দলের 'শহীদ' নেতা-কর্মীদের পরিবারগুলির পাশে থাকার আশ্বাস দেন। আফগানিস্তানে তালিবানি রাজ প্রসঙ্গে তিনি বলেন, আফগানিস্থানে থাকা ভারতীয়দের সুষ্ঠুভাবে ফিরিয়ে আনার ক্ষেত্রে কেন্দ্র সরকার অগ্রণী ভূমিকা পালন করেছে।

এর পর ২৪ আগস্ট দুপুরে মালদা শহরের নেতাজি সুভাষচন্দ্র বসু, ফোয়ারা মোড়ে অবস্থিত শ্যামাপ্রসাদ মুখার্জি সহ বিভিন্ন স্বাধীনতা সংগ্রামীদের মূর্তিতে ফুলের মালা পরিয়ে শ্রদ্ধা জানান কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিক সহ বিজেপি দলের অন্যান্য নেতারা। এছাড়াও মালদার গাজোল, ইংরেজবাজার, হবিবপুর, পুরাতন মালদা বিধানসভা কেন্দ্রে বিজেপি দলের শহীদ নেতাকর্মীদের পরিবারের সঙ্গে দেখা করেন মন্ত্রী নিশীথ প্রামাণিক সহ অন্যান্যরা। বুধবার এবং বৃহস্পতিবার উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় একইভাবে শহীদ সম্মান যাত্রা পালন করা হবে বলে বিজেপি দলের পক্ষ থেকে জানানো হয়েছে।



# উত্তরের গর্ব

## টি২০'র পরে ওডিআই ও টেস্ট দলেও জায়গা করে নিলেন শিলিগুড়ির

# রিচা ঘোষ

টি২০-র পরে ওডিআই এবং টেস্ট দলেও জায়গা করে নিলেন শিলিগুড়ির রিচা ঘোষ। কুড়ির ক্রিকেটের পরে এবার টেস্ট ও ওডিআইয়ের উইকেট কিপিংয়ের দায়িত্ব রিচার কাধে থাকবে। অস্ট্রেলিয়া সফরে ভারত তিনটি করে ওডিআই ও টি২০ ম্যাচ খেলবে। রিচা এই মুহূর্তে বেঙ্গালুরুতে জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রয়েছেন। ১০ অগাস্ট থেকে সেখানে জাতীয় দলের শিবির শুরু হয়েছে। ইংল্যান্ড সফরের পর রিচা পাঁচদিনের জন্য শিলিগুড়ির বাড়িতে ছুটি কাটিয়ে গিয়েছিলেন।

> "অস্ট্রেলিয়াগামী ভারতীয় মহিলা জাতীয় দলে সুযোগ"

## সাতবার বিরাট বধ আন্ডারসনের

বিরাট-আন্ডারসন দ্বৈরথে বারবার পরাজিত হচ্ছেন ভারতীয় ক্রিকেট দলের ক্যাপ্টেন। চলতি সিরিজে দুবার আন্ডারসনের বলে আউট হন বিরাট কোহলি। ২০১৪ সালের পর থেকে বারবার বিরাট কোহলি বিরুদ্ধে সাফল্য পাচ্ছেন আন্ডারসন।এবার নিয়ে মোট ৭ বার ভারতীয় ক্রিকেট দলের ক্যাপ্টেন কে আউট করলেন ইংল্যান্ডের বোলার অ্যান্ডারসন। যদিও নিজের এই সাফল্যে খুশি হলেও বিরাটকে খাটো করে দেখছেন না আন্ডারসন। তিনি বলেন, বিরাট কোহলির মতো ব্যাটসম্যানকে বারবার আউট করার মজাই আলাদা। তবে বিরাট বড় মাপের খেলোয়াড়। তার বিপক্ষের সব দলেই চাইবে তাকে প্রথমে আউট করতে। চলতি সিরিজের দ্বিতীয় ম্যাচে প্রথম দিনেই ৭৮ রানে ভারতকে অলআউট করে ইংল্যান্ড। ব্যাট করতে নেমে সফল তারা।

## ভারতীয় মহিলা দলের অধিনায়ক মিতালি রাজ

সেপ্টেম্বরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট একদিন সহ টি-টোয়েন্টি ম্যাচ খেলবে ভারতীয় মহিলা ক্রিকেট দল। এখানে এই প্রথম দিবারাত্র টেস্ট ম্যাচ খেলবে এই দল। বিসিসিআই অস্ট্রেলিয়াগামী ভারতীয় মহিলা জাতীয় দলের ঘোষণা করেছে। টেস্ট ও একদিনের ম্যাচে ভারতীয় দলকে নেতৃত্ব দিবেন মিতালি রাজ। টি-টোয়েন্টিতে ভারতের অধিনায়ক হবেন হরমনপ্রীত কৌর। এই দলে স্থান করে নিয়েছে শিলিগুড়ি রিচা ঘোষ ও।

## ইউএস ওপেনে খেলবেন না সেরিনা উইলিয়ামস

চোটের কারণে ইউএস ওপেনে না খেলার সিদ্ধান্ত নিলেন বিখ্যাত টেনিস প্লেয়ার সেরেনা উইলিয়ামস। সোশ্যাল মাধ্যমে পোস্ট করে তার এই সিদ্ধান্তের কথা তিনি জানান অনুরাগীদের। উইম্বলডনে খেলতে গিয়ে হ্যামস্ট্রিংয়ের চোট পান তিনি। তারপর চিকিৎসকদের পরামর্শে এবার ইউএস ওপেনে না খেলার সিদ্ধান্ত নিলেন তিনি। সোশ্যাল মাধ্যমে তিনি জানিয়েছেন, আমার হ্যামস্ট্রিংয়ের চোটের কারণে বিশ্রাম নেওয়া জরুরী। চিকিৎসক ও শুভানুধ্যায়ীদের পরামর্শে এবারের ইউএস ওপেনে না খেলার সিদ্ধান্ত নিয়েছেন।

২৩টি গ্র্যান্ড স্লামের মালিক সেরিনা এবার ইউএস ওপেন জিতলে মার্গারেট কোর্টের বিশ্ব রেকর্ড স্পর্শ করতেন। যদিও চোটের কারণে তা এবার সম্ভব হচ্ছে না।

## সাত ক্রিকেটারের আইপিএল খেলা নিয়ে সংশয়



অতিমারীতে মাঝখানে বন্ধ হয়ে যায় এবারের আইপিএল। তবে বাকি অংশ শুরু হবে আগামী অক্টোবরে। তবে আইপিএলের বাকি অংশটা অবশ্য ভারতে নয়, আয়োজিত হবে সংযুক্ত আরব আমিরশাহিতে। আর এরজন্য ২০ অগস্ট ছিল ফ্র্যাঞ্চাইজিদের স্কোয়াড জমা দেওয়ার শেষ দিন। তবু এখনও জস বাটলার, প্যাট কামিন্স, স্টিভ স্মিথ সহ সাতজন ক্রিকেটারকে নিয়ে এখনও প্রশ্নচিহ্ন রয়েছে। তাঁরা আদৌ এবারের আইপিএল খেলবেন কি না তা তারা জানাননি। ইংলিশ কিপার ব্যাটসম্যান জস বাটলারকে নিয়ে রয়েছে ধোঁয়াশা। তিনি বলেছেন, ওই সময় দেশের খেলা পড়লে তিনি তাকেই গুরুত্ব দেবেন। ফলে বাটলার খেলবেন কি না রাজস্থান রয়্যালস এখনও জানে না।

কেকেআর বোলিংয়ের বড় ভরসা প্যাট কামিন্স সম্ভবত বাকি আইপিএল খেলবেন না। বায়ো বাবলের কড়াকড়ি পছন্দ নয় তার। তার ওপর এই অজি পেসারের বান্ধবী সন্তানসম্ভবা। ফলে না খেলারই সম্ভবনা বেশি।

বাঁ কনুইয়ে চোটের জন্য স্টিভ স্মিথ ওয়েস্ট ইন্ডিজ এবং বাংলাদেশ সফরে যাননি। দেশের হয়ে টি টুয়েন্টি বিশ্বকাপ খেলার প্রস্তুতি নিচ্ছেন তিনি। তাই আইপিএল খেলা নিয়েও রয়েছে অনিশ্চয়তা রয়েছে তার।

শাহরুখের দলের আরও ধাক্কা লাগবে কারণ চোট প্রবণতার কারণে মিস্ট্রি স্পিনার এবং পেসার, বরুণ চক্রবর্তী এবং কমলেশ নাগারকোটি দুজনকেই জাতীয় অ্যাকাডেমিতে ডাকা হয়েছে। দুজনেই এখন ফিটনেস পরীক্ষা দিয়ে চলেছেন। এনসিএ থেকে সবুজ সঙ্কেত দিলে তবেই আমিরশাহি যেতে পারবেন তাঁরা।

ভারতে করোনা পরিস্থিতি উদ্বেগজনক হওয়ায় তড়িঘড়ি দেশে ফিরে যান অ্যান্ড্রু টাই এবং অ্যাডাম জাম্পা। এই দুই অজি ক্রিকেটারআইপিএলের বাকি অংশে তাঁরা খেলবেন কি না তা নিয়ে প্রশ্ন থাকছেই।

## মায়ের চিকিৎসার জন্য কলকাতায় লভলিনা



মায়ের চিকিৎসার জন্য অসম থেকে কলকাতায় এসেছেন অলিম্পিক্স ব্রোঞ্জজয়ী বক্সার লভলিনা বড়গোহাঁই। ২৪ আগস্ট কলকাতায় পা রাখলেন অসমের লড়াকু বক্সার। জানা গিয়েছে রুটিন চেক-আপের জন্য মাকে নিয়ে কলকাতার এক হাসপাতালে আসেন লভলিনা। টোকিও অলিম্পিক্সে ব্যস্ত থাকায় লভলিনা তাঁর মায়ের চিকিৎসার জন্য সময় বার করতে পারেননি। পাখির চোখ তখন ছিল অলিম্পিক্স পদকে।

লভলিনা বড়গোঁহাই বলেন, 'অলিম্পিক্সের প্রস্তুতি চলছিল, তখন মায়ের পাশে থাকতে পারিনি। ওটা নিয়ে খুবই স্ট্রেস হয়। অপারেশনের প্রস্তুতি চলছিল। বিশ্বাস ছিল সব ভালই হবে।' লভলিনা আরও জানান, প্যারিস অলিম্পিক্সে সোনা ছাড়া অন্য কিছু ভাবছেন না তিনি। অলিম্পিক্সে মেয়ের পদকজয়ে গর্বিত লভলিনার মা। তাঁর শারীরিক অবস্থাও এখন স্থিতিশীল।

লভলিনা টোকিওতে অলিম্পিক্সের মঞ্চে প্রথমবারের জন্য নেমে ৬৪-৬৯ কেজি মহিলাদের বিভাগে দেশকে ব্রোঞ্জ এনে দিয়েছেন। মেরি কমের পর দ্বিতীয় মহিলা বক্সার হিসেবে ভারতকে বক্সিংয়ে অলিম্পিক্স পদক এনে দিয়েছেন লভলিনা বড়গোহাঁই।



## ইপিএলে ফিরছেন সিআর সেভেন!

ফুটবলের অন্যতম মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো নাকি ফের ফিরতে চলেছেন ইপিএলে! সাম্প্রতিক 'ট্রান্সফার টক' বলছে জুভেন্টাসের মহাতারকা সাদা-কালো জার্সি ছেড়ে ম্যাঞ্চেস্টার সিটির নীল জার্সি পরতে চলেছেন। ইটালির সাংবাদিক ফ্যাব্রিজিয়ো রোমানোও জানিয়েছেন যে, সিটিতে যোগ দিতে পারেন পর্তুগিজ জাদুকর। রোনাল্ডোর এজেন্ট জর্জ মেন্ডিসও নাকি পেপ গুয়ার্দিওলারা ক্লাবের সঙ্গে কথাবার্তা শুরু করেছেন। সঙ্গে তাঁর পুরনো ক্লাব ম্যাঞ্চেস্টার ইউনাইটেডে ট্রান্সফারের কথাও শোনা যাচ্ছে।

চলতি মরসুমে রোনাল্ডোকে যে ক্লাব নেবে, তাকে ট্রান্সফার ফি হিসেবে জুভেন্টাসকে দিতে হবে আড়াই কোটি ইউরো। কারন রোনাল্ডোর সঙ্গে এখনও এক বছরের চুক্তি রয়েছে জুভেন্টাসের। ফলে অনেকে আবার মনে করছেন আগামি এক বছর রোনাল্ডো ইটালির ক্লাবের হয়েই খেলবেন।

## এএফসি কাপের পরের রাউন্ডে মোহনবাগান

বাংলাদেশের বসুন্ধরা কিংস এর সাথে ম্যাচ ড্র করায় এফসি কাপ এর পরের রাউন্ডে চলে গেল মোহনবাগান। পরের রাউন্ডে যাওয়ার জন্য মোহনবাগানের দরকার ছিল মাত্র ১ পয়েন্ট। ১-১ গোলে ড্র করায় সেই পয়েন্ট হাতিয়ে নিল সবুজ মেরুন দল।

১৪ আগস্ট খেলার শুরুতেই এক গোলে পিছিয়ে পড়ে মোহনবাগান। বাংলাদেশের বসুন্ধরা কিংসের হয়ে ২৮ মিনিটের মাথায় গোলটি করেন ফার্নান্ডেজ। পরবর্তীতে বসুন্ধরার খেলোয়াড় সুশান্ত ত্রিপুরা লাল কার্ড দেখায় দশ জনে খেলতে হয় তাদের। সেই সুযোগকে কাজে লাগিয়ে মোহনবাগানের ডেভিড উইলিয়ামস ৬২ মিনিটের মাথায় গোল করে সমতা ফেরায় ম্যাচে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কতৃক ডাউয়াগুড়ি, কলের পার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং 'জনবার্তা' প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত। ● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156● Editor: Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Website : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96